توكلت على الله

এসো আরবি শিখি

এর পাঠ সহায়িকা ও তারকিব

الطريق إلى العربية

পরিবেশনায়

ইকরা অনলাইন মাদ্রাসা

الطريق إلى العربية

এসো আরবী শিখি

-এর পাঠ সহায়িকা ও তারকীব

১ম খণ্ড

IQRA
ONLINE MADRASA

রচনায়
ইকরা অনলাইন মাদরাসা

الْبَابُ الأول : الدرس الأول

১ম অধ্যায়

১ম পাঠ

শব্দার্থ

একটি কলম	قَلَم	একটি বই	كِتَابٌ
একটি ঘর	بَيْتٌ	একটি চেয়ার	كُرْسِيٌّ
একটি বাতি	مِصْبَاحٌ	একটি দরজা	بَابٌ
একটি খাট	سَرِيْرٌ	একটি দেয়াল	جِدَارٌ

❖ লিঙ্গ হিসেবে আরবী শব্দ দুই প্রকার। যথা :

১. مُذَكَّرٌ (পুংলিঙ্গ)

২. مُؤَنَّثْ (স্ত্রীলিঙ্গ)

❖ **মুযাক্কার (مُذَكَّرٌ) :-** শব্দের শেষে গোল তা (ة) মুক্ত পুরুষবাচক শব্দকে মুযাক্কার বলে। যেমন : قَلَم ، كِتَابٌ

❖ **মুয়ান্নাস (مُؤَنَّثْ) :-** শব্দের শেষে গোল তা (ة) যুক্ত স্ত্রীবাচক শব্দকে মুয়ান্নাস বলে। যেমন : مَدْرَسَةٌ، حَدِيْقَة

বি. দ্র. : মুযাক্কার ও মুয়ান্নাস এর বিস্তারিত আলোচনা তামরীনুন নাহু কিতাবে আসবে ইনশাআল্লাহ।

IQRA ONLINE MADRASA

উহা (সেটি)	ذٰلِكَ ـ تِلْكَ	ইহা (এটি)	هٰذَا ـ هٰذِه
উহা (একটি) কলম	ذٰلِكَ قَلَم	ইহা (একটি) বই	هٰذَا كِتَابٌ

❖ **ইসমুল ইশারা (اِسْمُ الْإِشَارَةْ) :-** যে শব্দ দ্বারা কোন কিছুর দিকে ইশারা করা হয় তাকে ইসমুল ইশারা বলে।

যেমন : هٰذَا كِتَابٌ ইহা একটি বই।

এই বাক্যে هٰذَا ইসমুল ইশারা।

❖ **মুশারুন ইলাইহি (مُشَارٌ إِلَيْهِ) :-** যাকে উদ্দেশ্য করে ইশারা করা হয় তাকে মুশারুন ইলাইহি বলে।

যেমন : هٰذَا كِتَابٌ ইহা একটি বই।

এই বাক্যে كِتَابٌ মুশারুন ইলাইহি।

ইহা/এটি একটি বই	هٰذَا كِتَابٌ
উহা/সেটি একটি কলম	ذٰلِكَ قَلَم
ইহা/এটি একটি মসজিদ	هٰذَا مَسْجِدٌ
উহা/সেটি একটি ঘর	ذٰلِكَ بَيْتٌ
ইহা/এটি একটি দরজা	هٰذَا بَابٌ
উহা/সেটি একটি বাতি	ذٰلِكَ مِصْبَاحٌ
ইহা/এটি একটি দেয়াল	هٰذَا جِدَارٌ
উহা/সেটি একটি চেয়ার	ذٰلِكَ كُرْسِيٌّ

IQRA ONLINE MADRASA

ইহা/এটি একটি ঘর	هٰذَا بَيْتٌ
উহা/সেটি একটি চেয়ার	هٰذَا كُرْسِيٌّ
উহা/সেটি একটি মসজিদ	ذٰلِكَ مَسْجِدٌ
ইহা/এটি একটি খাট	هٰذَا سَرِيْرٌ
ইহা/এটি একটি দেয়াল	هٰذَا جِدَارٌ
উহা/সেটি একটি বাতি	ذٰلِكَ مِصْبَاحٌ
উহা/সেটি একটি খাট	ذٰلِكَ سَرِيْرٌ
ইহা/এটি একটি দরজা	هٰذَا بَابٌ
উহা/সেটি একটি দেয়াল	ذٰلِكَ جِدَارٌ

শব্দার্থ

একটি ব্লাকবোর্ড	سَبُّوْرَةٌ	একটি মাদরাসা	مَدْرَسَةٌ
একটি ব্যাগ	حَقِيْبَةٌ	একটি রুলার	مِسْطَرَةٌ
একটি টেবিল	طَاوِلَةٌ	একটি খাতা	كُرَّاسَةٌ
একটি জানালা	نَافِذَةٌ	একটি কামরা	حُجْرَةٌ/غُرْفَةٌ

ইহা/এটি একটি মাদরাসা	هٰذِهِ مَدْرَسَةٌ
উহা/সেটি একটি ব্ল্যাকবোর্ড	تِلْكَ سَبُّوْرَةٌ

ইহা/এটি একটি কামরা	هٰذِهِ حُجرَةٌ
উহা/সেটি একটি ব্যাগ	تِلْكَ حَقِيْبَةٌ

ইহা/এটি একটি খাতা	هٰذِهِ كُرَّاسَةٌ
উহা/সেটি একটি টেবিল	تِلْكَ طاوِلَةٌ
ইহা/এটি একটি রুলার	هٰذِهِ مِسْطَرَةٌ
ইহা/এটি একটি ব্ল্যাকবোর্ড	هٰذِهِ سَبُّوْرَةٌ
উহা/সেটি একটি জানালা	تِلْكَ نَافِذَةٌ
ইহা/এটি একটি টেবিল	هٰذِهِ طاوِلَةٌ
উহা/সেটি একটি রুলার	تِلْكَ مِسْطَرَةٌ
উহা/সেটি একটি খাতা	تِلْكَ كُرَّاسَةٌ
ইহা/এটি একটি ব্যাগ	هٰذِهِ حَقِيْبَةٌ

শব্দার্থ

একটি চাবি	مِفْتَاحٌ	একটি তালা	قُفْلٌ
একটি ঘড়ি	سَاعَةٌ	একটি বাক্স	صُنْدُوْقٌ
একটি চশমা	نَظَّارَةٌ	একটি ছাতা	مِظَلَّةٌ
একটি সাইকেল	دَرَّاجَةٌ	একটি কার	سَيَّارَةٌ

IQRA ONLINE MADRASA

ইহা কী?	مَا هٰذَا ـ مَا هٰذِه
উহা কী? (সেটি কী?)	مَا ذٰلِكَ ـ مَا تِلْكَ

❖ প্রশ্নোত্তরগুলো পড়ো ও অর্থ বলো।

ইহা একটি বই	هٰذَا كِتَابٌ	ইহা কী?	مَا هٰذَا ؟
উহা একটি কলম	ذٰلِكَ قَلَم	উহা কী?	مَا ذٰلِكَ ؟
ইহা একটি রুলার	هٰذِه مِسْطَرَة	ইহা কী?	مَا هٰذِه ؟
উহা একটি ব্ল্যাকবোর্ড	تِلْكَ سَبُّوْرَة	উহা কী?	مَا تِلْكَ ؟
ইহা একটি চেয়ার	هٰذَا كُرْسِيٌّ	ইহা কী?	مَا هٰذَا ؟
উহা একটি ঘর	ذٰلِكَ بَيْتٌ	উহা কী?	مَا ذٰلِكَ ؟
উহা একটি ঘরি	تِلْكَ سَاعَة	উহা কী?	مَا تِلْكَ ؟
ইহা একটি তালা	هٰذَا قفل	ইহা কী?	مَا هٰذَا ؟
উহা একটি দেয়াল	ذٰلِكَ جِدَارٌ	উহা কী?	مَا ذٰلِكَ ؟
ইহা একটি চশমা	هٰذِه نظّارة	ইহা কী?	مَا هٰذِه ؟
ইহা একটি চাবি	هٰذَا مِفْتَاح	ইহা কী?	مَا هٰذَا ؟
উহা একটি ব্যাগ	تِلْكَ حَقِيْبَة	উহা কী?	مَا تِلْكَ ؟
ইহা একটি মসজিদ	هٰذَا مَسْجِدٌ	ইহা কী?	مَا هٰذَا ؟
উহা একটি কার	تِلْكَ سيّارة	উহা কী?	مَا تِلْكَ ؟

ইহা একটি ছাতা	هٰذِه مِظَلّة	ইহা কী?	مَا هٰذِه ؟

➢ দু'জন দাঁড়াও এবং দূর ও নিকট থেকে বিভিন্ন বস্তুর দিতে হাতে ইশারা করে প্রশ্ন করো এবং উত্তর দাও।

❖ কোন কিছুর নামকে ইসিম (اِسْمٌ) বলে। যেমন : كِتَابٌ، مَدْرَسَةٌ

❖ **হরফুল ইস্তিফহাম (حَرْفُ الْاِسْتِفْهَامْ) :-** প্রশ্নের হরফকে হরফুল ইস্তিফহাম বলে। যেমন : هَلْ، مَا

➢ প্রশ্নের হরফ সবসময় বাক্যের শুরুতে থাকে।

➢ একটি পরিপূর্ন বাক্যকে আরবীতে জুমলা (جُمْلَة) বলা হয়।

➢ জুমলাতে ২টা অংশ থাকে। যথা :

১. মুবতাদা (مُبْتَدَأٌ)   ২. খবর (خَبَرٌ)

▪ **মুবতাদা কাকে বলে?**

উ : যার সম্পর্কে কিছু বলা হয় তাকে মুবতাদা (مُبْتَدَأٌ) বলে।

▪ খবর কাকে বলে?

উ : মুবতাদা সম্পর্কে যা কিছু বলা হয় তাকে খবর (خَبَرٌ) বলে।

❖ জুমলা (جُمْلَة) দুই প্রকার -

IQRA ONLINE MADRASA

১. আল জুমলাতুল ইসমিয়্যাহ (الْجُمْلَةُ الْاِسْمِيَّةُ)

২. আল জুমলাতুল ফেয়লিয়্যাহ (الْجُمْلَةُ الْفِعْلِيَّةُ)

- আল জুমলাতুল ইসমিয়্যাহ (الْجُمْلَةُ الْاِسْمِيَّةُ) কাকে বলে?

উ : যে জুমলা ইসিম দিয়ে শুরু হয় তাকে আল জুমলাতুল ইসমিয়্যাহ (الْجُمْلَةُ الْاِسْمِيَّةُ) বলা হয়।

<u>তারকীব-1</u> هٰذَا كِتَابٌ

IQRA
ONLINE MADRASA

الْبَابُ الأول : الدرس الثاني

১ম অধ্যায়

২য় পাঠ

جَدِيْدٌ ـ جَدِيْدَةٌ	নতুন	قَدِيْمٌ ـ قَدِيْمَةٌ	পুরোনো
جَمِيْلٌ ـ جَمِيْلَةٌ	সুন্দর	كَبِيْرٌ ـ كَبِيْرَةٌ	বড়
صَغِيْرٌ ـ صَغِيْرَةٌ	ছোট	جَيِّدٌ ـ جَيِّدَةٌ	ভালো

كِتَابٌ جَدِيْدٌ	একটি নতুন বই
كُرَّاسَةٌ جَدِيْدَةٌ	একটি নতুন খাতা

(ক) দু'টি করে শব্দ একত্রে পড়ো ও অর্থ বলো।

عَلَمٌ جَمِيْلٌ	একটি সুন্দর পতাকা	حَدِيْقَةٌ جَمِيْلَةٌ	একটি সুন্দর বাগান
قُفْلٌ جَيِّدٌ	একটি ভালো তালা	مِروَحَةٌ جَيِّدَةٌ	একটি ভালো পাখা
مَسْجِدٌ كَبِيْرٌ	একটি বড় মসজিদ	مَدْرَسَةٌ كَبِيْرَةٌ	একটি বড় মাদরাসা
بَيْتٌ صَغِيْرٌ	একটি ছোট ঘর	حُجْرَةٌ صَغِيْرَةٌ	একটি ছোট কামরা
مِصْبَاحٌ قَدِيْمٌ	একটি	سَاعَةٌ قَدِيْمَةٌ	একটি পুরাতন ঘড়ি

عَلَمٌ একটি পতাকা مِرْوَحَةٌ একটি পাখা حَدِيْقَةٌ একটি বাগান

(খ) ا. ب. ج -এর শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসাও এবং অর্থ বল :

অর্থ	উপযুক্ত শব্দ	শব্দ	(أ)
একটি সুন্দর ছাতা	جَمِيْلَةٌ	مِظَلَّةٌ	
একটি ভালো চাবি	جَيِّدٌ	مِفْتَاح	
একটি বড় ঘর	كَبِيْر	بَيْتٌ	
একটি ছোট চশমা	صَغِيْرَةٌ	نَظَارَةٌ	
একটি নতুন পাখা	جَدِيْدَةٌ	مِروَحَةٌ	
অর্থ	**শব্দ**	**উপযুক্ত শব্দ**	(ب)
একটি পুরাতন দরজা	قَدِيْمٌ	بَاب	
একটি ছোট কামরা	صَغِيْرَةٌ	حُجرَةٌ	
একটি ভালো ঘড়ি	جَيِّدَةٌ	سَاعَة	
একটি বড় বাতি	كَبِيْر	مِصْبَاحُ	
একটি সুন্দর ঘর	جَمِيْل	بَيْتٌ	
অর্থ	**শব্দ**	**উপযুক্ত শব্দ**	(ج)
একটি পুরাতন ব্লাকবোর্ড	قَدِيْمَة	سَبُّوْرَة	
একটি ভালো কলম	جَيِّدٌ	قَلَم	
একটি বড় দরজা	كَبِيْر	بَاب	

IQRA ONLINE MADRASA

একটি প্রশস্ত কামরা	وَاسِعَةٌ	حُجْرَةٌ	
একটি বড় পাখা	كَبِيْرَةٌ	مِرْوَحَةٌ	

ইহা (একটি) নতুন বই	هٰذِه كِتَابٌ جَدِيْدٌ

১. ইহা একটি বই	١. هٰذا كِتَابٌ
২. ইহা একটি নতুন বই	٢. هٰذا كِتَابٌ جَدِيْدٌ
৩. উহা একটি ঘড়ি	٣. تِلْكَ سَاعَة
৪. উহা একটি নতুন ঘড়ি	٤. تِلْكَ سَاعَة جَدِيْدَةٌ
৫. উহা একটি পতাকা	٥. ذٰلِكَ عَلَمٌ
৬. উহা একটি সুন্দর পতাকা	٦. ذٰلِكَ عَلَمٌ جَمِيْل
৭. ইহা একটি পাখা	٧. هٰذِه مِروَحَةٌ
৮. ইহা একটি ভালো পাখা	٨. هٰذِه مِروَحَةٌ جَيِّدَةٌ
৯. উহা একটি ছোট ব্যাগ	٩. تِلْكَ حَقِيْبَةٌ صَغِيْرَةٌ
১০. উহা একটি সুন্দর ব্যাগ	١٠. تِلْكَ حَقِيْبَةٌ جَمِيْلَةٌ
১১. ইহা একটি ছোট ঘর	١١. هٰذا بَيْتٌ صَغِيْر
১২. উহা একটি বড় মসজিদ	١٢. ذٰلِكَ مَسْجِدٌ كَبِيْر
১৩. ইহা একটি পুরাতন ছাতা	١٣. هٰذِه مِظَلَّةٌ قَدِيْمَة

IQRA ONLINE MADRASA

১৪. উহা একটি নতুন চশমা	١٤. تِلْكَ نَظّارَةٌ جَدِيْدَةٌ
১৫. ইহা একটি খাট	١٥. هٰذا سَرِيْرٌ
১৬. উহা একটি তালা	١٦. ذٰلِكَ قُفلٌ

❖ **মাওছুফ (مَوْصُوْفٌ) :** যার গুণ বর্ননা করা হয় তাকে মাওছুফ বলে।

যেমন: كِتَابٌ جَدِيْدٌ একটি নতুন বই

এখানে, كِتَابٌ মাওছুফ

❖ **ছিফাত (صِفَةٌ) :** যে গুণ বর্ননা করা হয় তাকে ছিফাত বলে। যেমন :

كِتَابٌ جَدِيْدٌ একটি নতুন বই।

এখানে, جَدِيْدٌ ছিফাত

❖ **মাওছুফ ও সিফাত ব্যাবহারের মূলণীতি :**

- মাওছুফ মুযাক্কার হলে ছিফাত ও মুযাক্কার হবে।

যেমন: كِتَابٌ جَدِيْدٌ একটি নতুন বই

এখানে, كِتَابٌ মাওছুফ এবং جَدِيْدٌ ছিফাত

- মাওছুফ মুয়ান্নাস হলে ছিফাত ও মুয়ান্নাস হবে।

  যেমন : حَقِيْبَةٌ جَمِيْلَةٌ একটি সুন্দর ব্যাগ।

  এখানে, حَقِيْبَةٌ মাওছুফ ও جَمِيْلَةٌ ছিফাত।

- মাওছুফ যেমন হবে ছিফাত ও তেমন হবে।

শব্দার্থ

একটি বালিশ	وِسَادَةٌ	একটি বিছানা	فِرَاشٌ
একটি টুপি	قَلَنْسُوَةٌ	একটি জামা	قَمِيْصٌ
একটি পাগড়ী	عِمَامَةٌ	একটি পোশাক	لِبَاسٌ
একটি জুতা	حِذَاءٌ	একটি রুমাল	مِنْدِيْلٌ

বাংলায় অনুবাদ কর :

ইহা একটি নতুন মসজিদ	هٰذَا مَسْجِدٌ جَدِيْدٌ
ইহা একটি ভালো তালা	هٰذَا قُفل جَيِّدٌ
ইহা একটি পরিচ্ছন্ন বিছানা	هٰذَا فِراشٌ نَظِيْفٌ
উহা একটি পরিচ্ছন্ন কামরা	تِلْكَ حُجرَةٌ نَظِيْفَةٌ
উহা একটি ছোট রুমাল	ذٰلِكَ مِندِيل صَغِيْر
ইহা একটি নতুন পাগড়ী	هٰذِه عِمَامَةٌ جَدِيْدَةٌ
ইহা একটি নতুন জামা	هٰذَا قَمِيْصٌ جَدِيْدٌ
উহা একটি নতুন টুপি	تِلْكَ قَلَنسُوةٌ جَدِيْدَةٌ
ইহা একটি পরিচ্ছন্ন পোশাক	هٰذَا لِبَاسٌ نَظِيْفٌ
উহা একটি ছোট জুতা	ذٰلِكَ حِذاءٌ صَغِيْر
ইহা একটি সুন্দর বালিশ	هٰذِه وِسَادةٌ جَمِيْلَةٌ

IQRA ONLINE MADRASA

উহা একটি ময়লা ব্লাকবোর্ড	ذٰلِكَ سَبُّوْرَةٌ وَسِخَةٌ
উহা একটি ময়লা রুমাল	ذٰلِكَ مِنْدِيلٌ وَسِخٌ

(গ) বিভিন্ন বস্তুর দিকে ইশারা করে উপরের অনুকরণে আরবী বলো।

نَظِيْفٌ ـ নَظِيْفَةٌ পরিচ্ছন্ন وَسِخٌ ـ وَسِخَةٌ ময়লা

- **তারকীব-2** هٰذَا كِتَابٌ جَدِيْدٌ ইহা (একটি) নতুন বই।



الْبَابُ الأول : الدرس الثالث

১ম অধ্যায় : ৩য় পাঠ

تِلْمِيْذٌ	একজন ছাত্র	تِلْمِيْذَةٌ	একজন ছাত্রী
مُعَلِّمٌ	একজন শিক্ষক	مُعَلِّمَةٌ	একজন শিক্ষিকা
وَلَدٌ	একটি ছেলে	بِنْتٌ	একটি মেয়ে
طِفْلٌ ـ طِفْلَةٌ	একটি শিশু	مُؤَدَّبٌ	সভ্য, ভদ্র

أَنَا আমি	أَنْتَ ـ أَنْتِ তুমি	هُوَ ـ هِيَ সে

❖ **মুতাকাল্লিম (مُتَكَلِّمْ) :-** যে নিজের সম্পর্কে বলে তাকে মুতাকাল্লিম বলে। যেমন : أَنَا تِلْمِيْذٌ আমি একজন ছাত্র।

❖ **হাদির (حَاضِرٌ) :-** উপস্থিত যাকে সম্বোধন করে বলা হয় তাকে হাযির বলে। যেমন : أَنْتَ تِلْمِيْذٌ তুমি একজন ছাত্র।

❖ **গায়ীব (غَائِبٌ) :-** অনুপস্থিত যার সম্পর্কে বলা হয় তাকে গায়ীব বলে। যেমন : هُوَ تِلْمِيْذٌ সে একজন ছাত্র।

❖ **যমির (ضَمِيْرٌ) :-** নামের পরিবর্তে যা ব্যবহার করা হয় তাকে দ্বমির বলে। যেমন : هُوَ تِلْمِيْذٌ - সে একজন ছাত্র।

➢ এখানে هُوَ যমির, যা নামের পরিবর্তে ব্যবহার করা হয়েছে।

IQRA ONLINE MADRASA

- **মারজি' (مَرْجِعْ) :-** যমির যাকে (ব্যক্তি/বস্তু) বুঝায় তাকে মারজি' বলে। বিশেষ করে هُوَ- هِيَ যেমন : رَاشِدٌ تِلْمِيْذٌ - রাশেদ একজন ছাত্র। هُوَ تِلْمِيْذٌ - সে একজন ছাত্র।

  এখানে নীচের বাক্যের هُوَ দ্বমিরের মারজি হলো রাশেদ।

- আরবীতে পুরুষ নামের শেষে তানভিন হয়। যেমন–

খালেদ	خَالِدٌ	সাঈদ	سَعِيْدٌ
মাহমুদ	مَحْمُوْدٌ	রাশেদ	رَاشِدٌ

- কিন্তু মেয়ে নামের শেষে কখনো তানভিন হয় না। যেমন–

ফাতেমা	فَاطِمَةُ	আয়েশা	عَائِشَةُ
খাদিজা	خَدِيْجَةُ	ফারহানা	فَرْحَانَةُ

বাক্য গঠন

আমি (একজন) ছাত্র।	أَنَا تِلْمِيْذٌ
আমি নতুন ছাত্র।	أَنَا تِلْمِيْذٌ جَدِيْدٌ

বেলাল নিজের সম্পর্কে বলছে–

أَنَا بِلَالٌ - أَنَا تِلْمِيْذٌ - أَنَا تِلْمِيْذٌ جَدِيْدٌ - أَنَا وَلَدٌ مُؤَدَّبٌ
আমি বিলাল, আমি একজন ছাত্র, আমি একজন নতুন ছাত্র, আমি একজন ভদ্র ছেলে।

IQRA ONLINE MADRASA

আয়েশা নিজের সম্পর্কে বলছে–

أَنَا عَائِشَةُ - أَنَا تِلْمِيْذَةٌ - أَنَا تِلْمِيْذَةٌ جَدِيْدَةٌ - أَنَا بِنْتٌ مُؤَدَّبَةٌ
আমি আয়েশা, আমি একজন ছাত্রি, আমি একজন নতুন ছাত্রি, আমি একজন ভদ্র মেয়ে।

রাশেদ বেলাল সম্পর্কে বলছে–

هُوَ بِلَالٌ - هُوَ تِلْمِيْذٌ - هُوَ تِلْمِيْذٌ جَدِيْدٌ - هُوَ وَلَدٌ مُؤَدَّبٌ
সে বিলাল, সে একজন ছাত্র, সে একজন নতুন ছাত্র, সে একজন ভদ্র ছেলে।

ফাতেমা আয়েশা সম্পর্কে বলছে–

هِيَ عَائِشَةُ - هِيَ تِلْمِيْذَةٌ - هِيَ تِلْمِيْذَةٌ جَدِيْدَةٌ – هِيَ بِنْتٌ مُؤَدَّبَةٌ
সে আয়েশা, সে একজন ছাত্রি, সে একজন নতুন ছাত্রি, সে একজন ভদ্র মেয়ে।

***

আরবী থেকে বাংলা অনুবাদ কর :

বিলাল নতুন ছাত্র	بِلَالٌ تِلْمِيْذٌ جَدِيْدٌ
মাজেদ ভালো শিক্ষক	مَاجِدٌ مُعَلِّمٌ جَيِّدٌ
যাইনাব ছোট মেয়ে	زَيْنَبُ بِنْتٌ صَغِيْرَةٌ
ফারহানা নতুন শিক্ষিকা	فَرْحَانَةُ مُعَلِّمَةٌ جَدِيْدَةٌ
মাহমুদ সুন্দর শিশু	مَحْمُوْدٌ طِفْلٌ جَمِيْلٌ
ফাতিমা সুন্দরী শিশু	فَاطِمَةُ طِفْلَةٌ جَمِيْلَةٌ

খালিদ ভদ্র ছেলে	خَالِدٌ وَلَدٌ مُؤَدَّبٌ
খাদিজা ভদ্র মেয়ে	خَدِيْجَةُ بِنْتٌ مُؤَدَّبَةٌ

নিম্নে ব্যবহার পদ্ধতি লক্ষ্য কর :

হে বেলাল!	بِلَالٌ - يَا بِلَالُ!	হে ছেলে!	وَلَدٌ - يَا وَلَدُ!
হে যায়নাব!	زَيْنَبُ - يَا زَيْنَبُ!	হে মেয়ে!	بِنْت - يَا بِنْتُ!

❖ **হরফুন নিদা (حَرْفُ النِّدَاءِ) :-** যে হরফ দ্বারা ডাকা হয় তাকে হরফুন নিদা বলে।

❖ **মুনাদা (مُنَادٰى) :-** হরফুন নিদা দ্বারা যাকে ডাকা হয় তাকে মুনাদা বলে। যেমন: يَا رَاشِدُ - হে রাশেদ।

এখানে يَا হরফুন নিদা

رَاشِدُ মুনাদা

- ➢ মুনাদার শেষে কখনো তানভিন হবে না/ يَا দ্বারা যাকে ডাকা হয় তার শেষে তানভিন হয় না।
- ➢ জিদ্দান (جِدًّا) সবসময় বাক্যের শেষে ব্যবহৃত হয়। যেমন: هُوَ شَرِيْفٌ جِدًّا - সে খুব ভদ্র।

তুমি কি মিক্ষক?	هَلْ أَنْتَ مُعَلِّمٌ؟
না, বরং আমি ছাত্র	لَا بَلْ أَنَا تِلْمِيْذٌ

শব্দার্থ

না	لا	হ্যাঁ	نَعَمْ	কি?	هَلْ
এবং	وَ	কে?	مَنْ؟	বরং	بَلْ

➤ **প্রশ্নোত্তরগুলো পড়ো ও অর্থ বলো।**

প্র : হে ছেলে! তুমি কে?	مَنْ أَنْتَ يَا وَلَدُ ؟	س:
উ : আমি বিলাল।	أَنَا بلالٌ	ج:
প্র : তুমি কি ছাত্র?	هَلْ أَنْتَ تِلْمِيْذٌ؟	س:
উ : হ্যাঁ, আমি একজন ছাত্র।	نَعَمّ .. أَنَا تِلْمِيْذٌ	ج:
প্র : তুমি কি একজন নতুন ছাত্র?	هَلْ أَنْتَ تِلْمِيْذٌ جَدِيْدٌ ؟	س:
উ : হ্যাঁ, আমি একজন নুতন ছাত্র	نَعَمْ.. أَنَا تِلْمِيْذٌ جَدِيْدٌ	ج:
প্র : হে মেয়ে! তুমি কে?	مَنْ أَنْتِ يَا بِنْتُ ؟	س:
উ : আমি যাইনাব	أَنَا زَيْنَبُ	ج:
প্র : তুমি কি ছোট মেয়ে?	هَلْ أَنْتِ بِنْتٌ صَغِيْرَةٌ ؟	س:
উ : হ্যাঁ, আমি একটি ছোট মেয়ে	نَعَمّ .. أَنَا بِنْتٌ صَغِيْرَةٌ	ج:
প্র : তুমি কি একজনন শিক্ষিকা?	هَلْ أَنْتِ مُعَلِّمَةٌ ؟	س:
উ : না, বরং আমি একজন ছাত্রী	لَا .. بَلْ أَنَا تِلْمِيْذَةٌ	ج:

প্র : হে বিলাল! সে কে?	مَنْ هُوَ يَا بِلَالُ ؟	س:
উ : সে রাশেদ	هُوَ رَاشِدٌ	ج:
প্র : সে কি শিক্ষক?	هَلْ هُوَ مُعَلِّمٌ ؟	س:
উ : না, বরং সে একজন শিক্ষক	لَا ... بَلْ هُوَ تِلْمِيْذٌ	ج:
প্র : হে যয়নব, সে কে?	مَنْ هِيَ يَا زَيْنَبُ ؟	س:
উ : সে খাদিজা, সে একজন ভালো ছাত্রী	هِيَ خَدِيْجَةُ ، هِيَ تِلْمِيْذَةٌ جَدِيْدَةٌ	ج:
প্র : আমি কে?	مَنْ أَنَا ؟	س:
উ : তুমি মাজেদ, তুমি একজন ভালো শিক্ষক	أَنْتَ مَاجِدٌ، أَنْتَ مُعَلِّمٌ جَيِّدٌ	ج:
প্র : মাজেদ কে?	مَنْ مَاجِدٌ ؟	س:
উ : মাজেদ একজন শিক্ষক (সে একজন শিক্ষক	مَاجِدٌ مُعَلِّمٌ (هُوَ مُعَلِّمٌ)	ج:
প্র : সে কি একজন ভালো শিক্ষক?	هَلْ هُوَ مُعَلِّمٌ جَيِّدٌ ؟	س:
উ : হ্যাঁ, সে একজন ভালো শিক্ষক	نَعَمْ .. هُوَ مُعَلِّمٌ جَيِّدٌ	ج:
প্র : যাইনাব কি একটি বড় মেয়ে?	هَلْ زَيْنَبُ بِنْتٌ كَبِيْرَةٌ ؟	س:

IQRA ONLINE MADRASA

উ : না, বরং সে একজন ছোট মেয়ে	لَا .. بَلْ هِيَ بِنْتٌ صَغِيْرَةٌ	ج:
প্র : ফারহানা কি নতুন শিক্ষিকা?	هَلْ فَرْحَانَةُ مُعَلِّمَةٌ جَدِيْدَةٌ؟	س:
উ : হ্যাঁ, ফারহানা একজন নতুন শিক্ষিকা	نَعَمّ .. فَرْحَانَةُ مُعَلِّمَةٌ جَدِيْدَةٌ	ج:
উ : হ্যাঁ, সে একজন নতুন শিক্ষিকা	(نَعَمْ... هِيَ مُعَلِّمَةٌ جَدِيْدَةٌ)	ج:
প্র : খালিদ কি ভদ্র ছেলে?	هَلْ خَالِدٌ وَلَدٌ مُؤَدَّبٌ ؟	س:
উ : হ্যাঁ, খালেদ ভদ্র ছেলে	نَعَمّ .. خَالِدٌ وَلَدٌ مُؤَدَّبٌ	ج:
উ : হ্যাঁ, সে ভদ্র ছেলে	(نَعَمّ .. هُوَ وَلَدٌ مُؤَدَّبٌ)	ج:

শব্দার্থ

তَاجِر	(একজন) ব্যবসায়ী	فَلَّاحٌ	(একজন) কৃষক
غَنِيّ	ধনী	فَقِيْر	গরীব, দ্রব্রিদ্র
ذَكِيٌّ	মেধাবী, বুদ্ধিমান	غَبِيٌّ	মেধাহীন, নির্বোধ
رَجُل	(একজন) লোক, পুরুষ	اِمْرَأَةٌ	(একজন) স্ত্রীলোক, মহিলা
جِدًّا	খুব, অত্যন্ত	شَرِيْف	ভদ্র

IQRA ONLINE MADRASA

❖ **اِمْرَأَ শব্দটি পড়ার নিয়ম :** امْرَأَةٌ শব্দের আগে অন্য শব্দ হলে ا টি শুধু লেখায় আসে, উচ্চারণে আসে না। যেমন هِيَ امْرَأَةٌ (সে একজন মহিলা।)

➢ هِيَ امْرَأَةٌ ذَكِيَّةٌ এই বাক্যের অর্থ হবে- সে একজন বুদ্ধিমতী মহিলা।
সে একজন মেধাবী মহিলা, এভাবে বলা ভুল।
সঠিকটা হলো - সে একজন বুদ্ধিমতী মহিলা।

বাংলায় অনুবাদ করো।

আমি মাজেদ এবং তুমি বিলাল	أَنَا مَاجِدٌ وَ أَنْتَ بِلَالٌ
আমি শিক্ষক এবং তুমি ছাত্র	أَنَا مُعَلِّمٌ وَ أَنْتَ تِلْمِيْذٌ
আমি একজন নতুন শিক্ষক	أَنَا مُعَلِّمٌ جَدِيْدٌ
এবং তুমি একজন নতুন ছাত্র	وَ أَنْتَ تِلْمِيْذٌ جَدِيْدٌ
সে মাহমুদ এবং আমি বশির	هُوَ مَحْمُوْدٌ وَ أَنَا بَشِيْرٌ
মাহমুদ একজন ধনী ব্যবসায়ী	مَحْمُوْدٌ تَاجِرٌ غَنِيٌّ
এবং আমি একজন দরিদ্র কৃষক	وَ أَنَا فَلَّاحٌ فَقِيْرٌ
সে বিলাল এবং সে যাইনাব	هُوَ بِلَالٌ وَ هِيَ زَيْنَبُ
বিলাল একজন মেধাবী ছাত্র	بِلَالٌ تِلْمِيْذٌ ذَكِيٌّ
এবং যাইনাব একজন মেধাভী ছাত্রী	وَ زَيْنَبُ تِلْمِيْذَةٌ ذَكِيَّةٌ

মাহমুদ একজন ধনী লোক	مَحْمُوْدٌ رَجُلٌ غَنِيّ
এবং রায়হানা একজন দরিদ্র মহিলা	وَ رَيْحَانَةُ امْرَأَةٌ فَقِيْرَةٌ
মাহমুদ কি ব্যবসায়ী?	هَلْ مَحْمُوْدٌ تَاجِر؟
হ্যাঁ, মাহমুদ ব্যবসায়ী	نَعَمّ ... مَحْمُوْدٌ تَاجِر
হ্যাঁ, সে ব্যবসায়ী	(نَعَمّ .. هُوَ تَاجِر)
যাইনাব কি একজন মেধাহীন ছাত্রী?	هَلْ زَيْنَبُ تِلْمِيْذَةٌ غَبِيَّةٌ ؟
না, বরং সে খুব মেধাবী ছাত্রী	لَا .. بَلْ هِيَ تِلْمِيْذَةٌ ذَكِيَّ ةٌ جِدًّا
একজন মহিলা	امْرَأَةٌ
তুমি খুব মেধাবী মহিলা	أَنْتِ امْرَأَةٌ ذَكِيَّ ةٌ جِدًّا
আয়েশা খুব মেধাবী মহিলা	عَائِشَةُ امْرَأَةٌ ذَكِيَّ ةٌ جِدًّا
সাঈদ খুব ভদ্র লোক	سَعِيْدٌ رَجُلٌ شَرِيْفٌ جِدًّا
সে খুব ধনী	هُوَ غَنِيّ جِدًّا

IQRA ONLINE MADRASA

❖ তারকীব- ৩ : أَنَا تِلْمِيْذٌ

أَنَا تِلْمِيْذٌ

↓ ↓

مُبْتَدَأٌ خَبَرٌ

جُمْلَة اِسْمِيَّة

❖ তারকীব - ৪ : أَنَا تِلْمِيْذٌ جَدِيْدٌ



❖ তারকীব- ৫ : مَاجِدٌ تِلْمِيْذٌ جَدِيْدٌ



IQRA ONLINE MADRASA

الْبَابُ الأول : الدرس الرابع

১ম অধ্যায় : ৪র্থ পাঠ

أ ـ ب ـ ج ـ ح ـ خ ـ ع ـ غ ـ ف ـ ق ـ ك ـ ل ـ م ـ وَ ـ ه ـ ي

উল্লিখিত ১৫টি হরফের শুরুতে ال যুক্ত হলে ل হরফটি স্পষ্ট ও আলাদা উচ্চারিত হয়। যেমন-

كِتَابٌ – اَلْ + كِتَابٌ = الْكِتَابُ	
قَلَم – اَلْ + قَلَم = اَلْقَلَم	بَيْتٌ – اَلْ + بَيْتٌ = البَيْتُ
جِدَارٌ – اَلْ + جِدَارٌ = الجِدَارُ	حَقِيْبَةٌ – ال + حَقِيْبَةُ = الحَقِيْبَة

এই ১৩টি হরফের শুরুতে ال যুক্ত হলে ل হরফটি উচ্চারিত হয় না, বরং ل এর পরবর্তী হরফটি তাশদীদযুক্তরূপে উচ্চারিত হয়। যেমন-

تِلْمِيْذٌ – اَلْ + تِلْمِيْذٌ = اَ تِلْمِيْذٌ التِلْمِيْذُ	
طِفْلٌ – ال + طِفْلٌ = الطِفْلُ	رَجُلٌ – ال + رَجُلٌ = الرَجُلُ
زَهْرَةٌ – ال + زَهْرَة = الزَّهْرَةُ	سَاعَةٌ – ال + سَاعَة = السَاعَة

كِتَابٌ	একটি বই	الْكِتَابُ	বইটি
قَلَم	একটি কলম	القَلَم	কলমটি
دَرَّاجَةٌ	একটি সাইকেল	الدَّرَّاجَة	সাইকেলটি

IQRA ONLINE MADRASA

জানালাটি النَافِذَةُ একটি জানালা نَافِذَةٌ

বাংলায় অনুবাদ কর :

ইহা একটি বই	هٰذَا كِتَابٌ
ইহা একটি নতুন বই	هٰذَا كِتَابٌ جَدِيْدٌ
বইটি নতুন	اَلْكِتَابُ جَدِيْدٌ
বইটি বড়	اَلْكِتَابُ كَبِيْر
বইটি সুন্দর	اَلْكِتَابُ جَمِيْل
ইহা একটি মাদরাসা/বিদ্যালয়	هٰذِه مَدْرَسَةٌ
ইহা একটি ছোট মাদরাসা	هٰذِه مَدْرَسَةٌ صَغِيْرَةٌ
মাদরাসাটি ছোট	اَلْمَدْرَسَة صَغِيْرَةٌ
মাদরাসাটি সুন্দর	اَلْمَدْرَسَة جَمِيْلَةٌ
মাদরাসাটি পুরাতন	اَلْمَدْرَسَة قَدِيْمَة
উহা একটি মসজিদ	ذٰلِكَ مَسْجِدٌ
উহা একটি সুন্দর মসজিদ	ذٰلِكَ مَسْجِدٌ جَمِيْل
মসজিদটি সুন্দর	اَلمَسْجِدُ جَمِيْل
মসজিদটি বড়	اَلمَسْجِدُ كَبِيْر
মসজিদটি পুরাতন	اَلمَسْجِدُ قَدِيْمٌ

IQRA ONLINE MADRASA

উহা একটি ঘড়ি	تِلْكَ سَاعَةٌ
ঘড়িটি নতুন	السَاعَة جَدِيْدَةٌ
ঘড়িটি ভালো	السَاعَة جَيِّدَةٌ
ঘড়িটি সুন্দর	السَاعَة جَمِيْلَةٌ

শব্দার্থ

شَرِيْفٌ	ভদ্র	مُجْتَهِد	পরিশ্রমী
مَاهِرٌ	দক্ষ	مَشْهُوْرٌ	প্রসিদ্ধ
مَفْتُوْح	খোলা	مُغْلَق	বন্ধ
وَاسِع	প্রশস্ত	ضَيِّق	অপ্রশস্ত, সংকীর্ণ
قَوِيٌّ	শক্তিশালী, মজবুত	ضَعِيْفٌ	দুর্বল

বাংলায় অনুবাদ কর :

লোকটি ভদ্র	الرَجُلُ شَرِيْفٌ
ছেলেটি মেধাবী	الْوَلَدُ ذَكِيٌّ
মেয়েটি মেধাবী	الْبِنْتُ ذَكِيَّ ةٌ
শিশুটি সুন্দর	الطِفْلُ جَمِيْل
শিশুটি ছোট	الطِفْلُ صَغِيْر
মেয়ে শিশুটি সুন্দরী	الطِفْلَةُ جَمِيْلَةٌ

IQRA ONLINE MADRASA

মেয়ে শিশুটি ছোট	الطِفْلَةُ صَغِيْرةٌ
ছাত্রটি পরিশ্রমী	التِلْمِيْذُ مُجْتَهِد
ছাত্রীটি পরিশ্রমী	التِلْمِيْذَةُ مُجْتَهِدةٌ
ইহা একটি প্রশস্ত দরজা	هٰذَا بَابٌ وَاسِع
দরজাটি খোলা	الْبَابُ مَفْتُوْح
ইহা একটি জামা	هٰذَا قَمِيْصٌ
ইহা একটি নতুন জামা	هٰذَا قَمِيْصٌ جَدِيْدٌ
জামাটি পরিচ্ছন্ন	الْقَمِيْصُ نَظِيْفٌ
রুমালটি ময়লা	الْمِنْدِيْلُ وَسِخٌ
বালিশটি সুন্দর	الْوِسَادَةُ جَمِيْلَةٌ
রাশেদ একজন শিক্ষক	رَاشِدٌ مُعَلِّمٌ
সে একজন দক্ষ শিক্ষক	هُوَ مُعَلِّمٌ مَاهِرٌ
ফারহানা একজন শিক্ষিকা	فَرْحَانَةُ مُعَلِّمَةٌ
সে একজন দক্ষ শিক্ষিকা	هِيَ مُعَلِّمَةٌ مَاهِرَةٌ
হে সাঈদ! তুমি একজন প্রসিদ্ধ ব্যবসায়ী	يَا سَعِيْدٌ! أَنْتَ تَاجِر مَشْهُوْرٌ
হে লুবাবা! তুমি একজন দরীদ্র কৃষাণী	يَا لُبَانَةُ ! أَنْتِ فَلَّاحَة فَقِيْرَةٌ

IQRA ONLINE MADRASA

তুমি একজন ভদ্র মহিলা	أَنْت امْرَأَةٌ شَرِيْفَةٌ

নোট : امْرَأَةٌ শব্দের শুরুতে ال যোগ হলে শব্দটি পরিবর্তিত হয়ে الْمَرْأَةُ হয়। যেমন– الْمَرْأَةُ شَرِيْفَةٌ (মহিলাটি ভদ্র)।

প্রশ্নোত্তরগুলো পড়ো ও বলো।

ইহা কী?	مَا هٰذِه ؟
ইহা একটি ঘড়ি	هٰذِه سَاعَة
ঘড়িটি কেমন?	كَيْفَ السَاعَة ؟
ঘড়িটি সুন্দর (তা সুন্দর)	السَاعَة جَمِيْلَةٌ - (هِيَ جَمِيْلَةٌ)
উহা কি?	مَا ذٰلِكَ ؟
উহা একটি ঘর	ذٰلِكَ بَيْتٌ
ঘরটি কেমন?	كَيْفَ البَيْتُ ؟
ঘরটি সুন্দর (তা সুন্দর)	البَيْتُ جَمِيْل - (هُوَ جَمِيْل)
সে কে?	مَنْ هُوَ ؟
সে একজন ছাত্র, সে নতুন ছাত্র	هُوَ تِلْمِيْذٌ ، هُوَ تِلْمِيْذٌ جَدِيْدٌ
ছাত্রটি কেমন?	كَيْفَ التِلْمِيْذُ ؟
ছাত্রটি মেধাবী (সে মেধাবী)	التِلْمِيْذُ ذَكِيٌّ - (هُوَ ذَكِيٌّ)
সে কে?	مَنْ هِيَ؟

IQRA ONLINE MADRASA

সে একজন ছাত্রী, সে নতুন ছাত্রী	هِيَ تِلْمِيْذَةٌ - هِيَ تِلْمِيْذَةٌ جَدِيْدَةٌ
ছাত্রীটি কেমন?	كَيْفَ التِلْمِيْذَةُ ؟
ছাত্রীটি মেধাবী (সে মেধাবী)	التِلْمِيْذَةُ ذَكِيَّةٌ - (هِيَ ذَكِيَّةٌ)
লোকটি কেমন?	كَيْفَ الرَجُلُ ؟
লোকটি ভদ্র (সে ভদ্র)	الرَجُلُ شَرِيْفٌ (هُوَ شَرِيْفٌ)
মহিলাটি কেমন?	كَيْفَ الْمَرْأَةُ ؟
মহিলাটি ভত্র (সে ভদ্র)	الْمَرْأَةُ شَرِيْفَةٌ (هِيَ شَرِيْفَةٌ)

বইটি	الْكِتَابُ
এই বইটি	هٰذَا الْكِتَابُ
এই বইটি সুন্দর	هٰذَا الْكِتَابُ جَمِيْلٌ

ইহা — هٰذَا — এই : كِتَابٌ / الْكِتَابُ

উহা — ذٰلِكَ — ঐ : قَلَم / الْقَلَم

IQRA
ONLINE MADRASA

বাংলায় অনুবাদ কর :

একটি বই	كِتَابٌ
একটি সুন্দর বই	كِتَابٌ جَمِيْلٌ

ইহা একটি সুন্দর বই	هٰذَا كِتَابٌ جَمِيْل
বইটি সুন্দর	اَلْكِتَابُ جَمِيْل
এই বইটি সুন্দর	هٰذَا الْكِتَابُ جَمِيْل
একটি ঘড়ি	سَاعَة
একটি নতুন ঘড়ি	سَاعَة جَدِيْدَةٌ
ইহা একটি নতুন ঘড়ি	هٰذِه سَاعَة جَدِيْدَةٌ
ঘড়িটি নতুন	السَاعَة جَدِيْدَةٌ
এই ঘড়িটি নতুন	هٰذِه السَاعَة جَدِيْدَةٌ
একজন লোক	رَجُلٌ
একজন ভদ্র লোক	رَجُلٌ شَرِيْفٌ
সে একজন ভদ্র লোক	هُوَ رَجُلٌ شَرِيْفٌ
লোকটি ভদ্র	الرَجُلُ شَرِيْفٌ
ঐ লোকটি ভদ্র	ذٰلِكَ الرَجُلُ شَرِيْفٌ
ছাত্রটি মেধাবী	التِلْمِيْذُ ذَكِيٌّ
এই ছাত্রটি মেধাবী	هٰذَا التِلْمِيْذُ ذَكِيٌّ
ব্যবসায়ীটি ধনী	التَاجِر غَنِيّ
ঐ ব্যবসায়ীটি ধনী	ذٰلِكَ التَاجِر غَنِيّ

الفلاحة فَقِيْرَةٌ	কৃষাণীটি দরিদ্র
تِلْكَ الفلاحة فَقِيْرَةٌ	ঐ কৃষাণীটি দরিদ্র
هٰذَا الجِدَارُ قَوِيٌّ	এই দেয়ালটি শক্তিশালী
وَ ذٰلِكَ الجِدَارُ ضَعِيفٌ	এবং ঐ দেয়ালটি দুর্বল
هٰذَا الْوَلَدُ قَوِيٌّ	এই ছেলেটি শক্তিশালী
وَ ذٰلِكَ الْوَلَدُ ضَعِيْفٌ	আর ঐ ছেলেটি দুর্বল
هٰذِهِ السَاعَةُ جَدِيْدَةٌ	এই ঘড়িটি নতুন
وَ تِلْكَ السَاعَةُ قَدِيْمَةٌ	আর ঐ ঘড়িটি পুরাতন
هٰذَا الْمِنْدِيْلُ وَسِخٌ	এই রুমালটি ময়লা
وَ ذٰلِكَ الْمِنْدِيْلُ نَظِيْفٌ	এবং ঐ রুমালটি পরিচ্ছন্ন
يَا خَالِدُ ! أَنَا تَاجِرٌ وَ أَنْتَ فَلَّاحٌ	হে খালেদ! আমি ব্যবসায়ী এবং তুমি কৃষক
أَنَا تَاجِرٌ غَنِيٌّ وَ أَنْتَ فَلَّاحٌ فَقِيْرٌ	আমি ধনী ব্যবসায়ী এবং তুমি দরিদ্র কৃষক
يَا خَدِيْجَةُ ! أَنْتِ امْرَأَةٌ شَرِيْفَةٌ	হে খাদিজা! তুমি একজন ভদ্র মহিলা
هٰذَا جَمَلٌ	ইহা একটি উট

এবং উহা একটি উটনী	وَ تِلْكَ نَاقَةٌ
এই উটটি বড়	هٰذَا الْجَمَلُ كَبِيْر
এবং ঐ উটটি ছোট	وَ ذٰلِكَ الْجَمَلُ صَغِيْر
এই উটনীটি ছোট	هٰذِه النَّاقَةُ صَغِيْرَةٌ
এবং ঐ উটনীটি বড়	وَ تِلْكَ النَّاقَةُ كَبِيْرَةٌ

উপকারী	مُفِيْدٌ	কেমন? কিভাবে?	كَيْفَ
উটনী	نَاقَةٌ	উট	جَمَلٌ

প্রশ্নোত্তরগুলো পড়ো ও অর্থ বলো।

এই বইটি কেমন?	كَيْفَ هٰذَا الْكِتَابُ ؟
এই বইটি উপকারী। তা উপকারী	هٰذَا الْكِتَابُ مُفِيْدٌ (هُوَ مُفِيْدٌ)
ঐ ঘড়িটি কেমন?	كَيْفَ تِلْكَ السَاعَة ؟
ঐ ঘড়িটি নতুন। তা নতুন	تِلْكَ السَاعَة جَدِيْدَةٌ (هِيَ جَدِيْدَةٌ)
ঐ ছাত্রটি কেমন?	كَيْفَ ذٰلِكَ التِلْمِيْذُ ؟
ঐ ছাত্রটি মেধাবী, সে মেধাবী	ذٰلِكَ التِلْمِيْذُ ذَكِيٌّ (هُوَ ذَكِيٌّ)
ঐ মেয়েটি কেমন?	كَيْفَ تِلْكَ الْبِنْتُ ؟

ঐ মেয়েটি মেধাবী, সে মেধাবী	تِلْكَ الْبِنْتُ ذَكِيَّةٌ (هِيَ ذَكِيَّةٌ)
এই ব্যাগটি কি সুন্দর?	هَلْ هٰذِهِ الحَقِيْبَةُ جَمِيْلَةٌ ؟
হ্যাঁ, এই ব্যাগটি সুন্দর	نَعَمْ.. هٰذِهِ الحَقِيْبَةُ جَمِيْلَةٌ
হ্যাঁ, তা সুন্দর	(نَعَمّ .. هِيَ جَمِيْلَةٌ)
ঐ ঘড়িটি কি নতুন?	هَلْ تِلْكَ السَاعَةُ جَدِيْدَةٌ ؟
না, ঐ ঘড়িটি পুরাতন	لَا .. تِلْكَ السَاعَةُ قَدِيْمَةٌ
না, বরং তা পুরাতন	(لَا .. بَلْ هِيَ قَدِيْمَةٌ)
ঐ মেয়েটি কি মেধাবী?	هَلْ تِلْكَ الْبِنْتُ ذَكِيَّةٌ ؟
হ্যাঁ, সে মেধাবী	نَعَمّ .. هِيَ ذَكِيَّةٌ
এই লোকটি কে?	مَنْ هٰذَا الرَّجُلُ ؟
সে মাহমুদ, সে বড় ব্যবসায়ী	هُوَ مَحْمُوْدٌ - هُوَ تَاجِرٌ كَبِيْرٌ
এই মহিলাটি কে?	مَنْ هٰذِهِ الْمَرْأَةُ ؟
সে খাদিজা, সে দরিদ্র মহিলা	هِيَ خَدِيْجَةُ - هِيَ امْرَأَةٌ فَقِيْرَةٌ

❖ **নাকেরা (نَكِرَةٌ) :-** অনির্দিষ্ট শব্দকে নাকেরা বলে।

যেমন : قَلَم - একটি কলম।

➢ নাকেরা শব্দ চেনার উপায় হলো শব্দটির শেষে তানভিন হওয়া।

যেমন : قَلَم - একটি কলম।

IQRA ONLINE MADRASA

❖ **মারেফা (مَعْرِفَةٌ) :-** নির্দিষ্ট শব্দকে মারেফা বলে।

যেমন: اَلْقَلَم - কলমটি।

- নাকেরা শব্দের শুরুতে ال যুক্ত করলেই শব্দটা মারেফা হয়ে যায়।

  যেমন : اَلْقَلَم

- মারেফা শব্দ চেনার উপায় হলো বাংলা তর্জমার ক্ষেত্রে শব্দের শেষে "টি, টা, খানা, খানি" উল্লেখ থাকে। যেমন : বইটি বা বইখানা ইত্যাদি।

- যে শব্দের শুরুতে ال আসে সে শব্দের শেষে তানভিন দেওয়া ভুল।

❖ **জুমলা (جُمْلَة) :-** একটি বাক্য যখন পরিপূর্ন হয় তখন তাকে জুমলা বলে।

- জুমলাতে ২ টি অংশ থাকে : (১) মুবতাদা (২)খবর

- **মুবতাদা (مُبْتَدَأٌ) :-** যার সম্পর্কে কিছু বলা হয় তাকে মুবতাদা বলে। যেমন : اَلْكِتَابُ جَدِيْدٌ - বইটি নতুন।

  এখানে, اَلْكِتَابُ - মুবতাদা

- **খবর (خَبَرٌ) :-** মুবতাদা সম্পর্কে যা বলা হয় তাকে খবর বলে।

  যেমন : اَلْكِتَابُ جَدِيْدٌ - বইটি নতুন

এখানে, جَدِيْدٌ - খবর।

❖ **তারকীব (تَرْكِيبٌ) :-** বাক্য বিশ্লেষনকে তারকীব বলে। অর্থাৎ একটি বাক্যের কতটুকু অংশ ইশমুল ইশারা এবং মুশারুন ইলাইহি, কোনটা মাওছুফ, কোনটা ছিফাত ইত্যাদি বিশ্লেষন করাই হলো তারকীব। অর্থাৎ বাক্যস্থিত প্রতিটি শব্দের অবস্থান নির্ণয় করাকে তারকীব বলে।

- **উদাহারন ..(১)**

هٰذَا الْقَلَم جَمِيْل - এই কলমটি সুন্দর

এখানে, هٰذَا ইশমুল ইশারা এবং الْقَلَم মুশারুন ইলাইহি
ইসমুল ইশারা আর মুশারুন ইলাইহি মিলে মুবতাদা।
جَمِيْل খবর।
মুবতাদা আর খবর মিলে একটি পরিপূর্ন জুমলা।

هٰذَا الْقَلَم جَمِيْل



➢ **উদাহারন..(২)**

هٰذا كِتَابٌ جَمِيْل - ইহা একটি সুন্দর বই
এখানে, هٰذَا মুবতাদা
كِتَابٌ মাওছুফ এবং جَمِيْل ছিফাত।
মাওছুফ ও ছিফাত মিলে খবর।
মুবতাদা ও খবর মিলে একটি পরিপূর্ন জুমলা।

هٰذا كِتَابٌ جَمِيْل



IQRA ONLINE MADRASA



➢ বাক্যের শুরুতে যদি ال যুক্ত শব্দ / নাম / দ্বমির / ইসমুল ইশারা + মুশারুন ইলাইহি আসে তাহলে সেটাই মুবতাদা হয় এবং বাকি অংশ খবর হয়।

❖ **তারকীব - ৬ :** اَلْكِتَابُ جَدِيْدٌ



❖ **তারকীব - ৭ :** هٰذَا الْكِتَابُ جَدِيْدٌ



IQRA ONLINE MADRASA

البَاب الأول : الدرس الخامس

১ম অধ্যায় : ৫ম পাঠ

كِتَأَبِي	আমার বই	كِتَابكَ ـ كِتَابكِ	তোমার বই
كِتَابُهُ ـ كِتَابها	তার বই		

قَلَم : قَلَمِيْ ـ قَلَمك ـ قَلَمك ـ قَلَمه ـ قَلَمها

سَاعَة : سَاعَتِي ـ سَاعَتكَ ـ سَاعَتكِ ـ سَاعَته ـ سَاعَتها

مُعَلِّم : مُعَلِّمِيْ ـ مُعلّمُكَ ـ مُعلّمُكِ ـ مُعلّمُه ـ مُعلّمُها

উপরের অনুকরণে অর্থসহ বলো।

مَدرسةٌ – لِباسٌ – حَدِيْقَة – بَيْت – قَلَنْسُوةٌ – مِظَلَّةٌ

مَدْرَسَتِيْ	আমার মাদরাসা
مَدْرَسَتُكَ ـ مَدْرَسَتُكِ	তোমার মাদরাসা
مَدْرَسَتُهُ ـ مَدْرَسَتُهَا	তার মাদরাসা

لِبَاسِي	আমার পোষাক
لِبَاسُك – لِبَاسُك	তোমার পোষাক
لِبَاسُهُ - لِبَاسُهَا	তার পোষাক

حَدِيْقَتِي	আমার বাগান

তোমার বাগান	حَدِيْقَتُكَ – حَدِيْقَتُكِ
তার বাগান	حَدِيْقَتُهُ – حَدِيْقَتُهَا

আমার ব্যাগ	حَقِيْبَتِي
তোমার ব্যাগ	حَقِيْبَتُكَ – حَقِيْبَتُكِ
তার ব্যাগ	حَقِيْبَتُهُ – حَقِيْبَتُهَا

আমার ঘর	بَيْتِي
তোমার ঘর	بَيْتكَ – بَيْتكِ
তার ঘর	بَيْتُهُ – بَيْتهَا

আমার টুপি	قَلَنْسُوَتِي
তোমার টুপি	قَلَنْسُوَتُكَ – قَلَنْسُوَتُكِ
তার টুপি	قَلَنْسُوَتُهُ – قَلَنْسُوَتُهَا

আমার ছাতা	مِظَلَّتِي
তোমার ছাতা	مِظَلَّتُكَ – مِظَلَّتُكِ
তার ছাতা	مِظَلَّتُهُ - مِظَلَّتُهَا

শব্দার্থ

أَبٌ	আব্বা	أُمٌّ	আম্মা
أَخٌ	ভাই	أُخْتٌ	বোন
عَمٌّ	চাচা	عَمَّةٌ	ফুফু
خَالٌ	মামা	خَالَةٌ	খালা
جَدٌّ	দাদা, নানা	جَدَّةٌ	দাদী, নানী
أَيُّهَا الْوَلَدُ (يَا ولد!)	হে ছেলে!	أَيَّتُهَا الْبِنْتُ (يَا بِنْتُ!)	হে মেয়ে!

اِسْمٌ	নাম	صَدِيْقٌ	বন্ধু	عَدُوٌّ	শত্রু
طَيِّب	উত্তম	عِقْدٌ	একটি হার		
رَبٌّ	প্রতিপালক	دِيْنٌ	ধর্ম		

أَبِيْ	আমার আব্বা
أَبُوْكَ – أَبُوْكِ	তোমার আব্বা
أَبُوْهُ – أَبُوْهَا	তার আব্বা

أَخِيْ	আমার ভাই
أَخُوْكَ – أَخُوْكِ	তোমার ভাই
أَخُوْهُ – أَخُوهَا	তার ভাই

***

IQRA ONLINE MADRASA

বাংলায় অনুবাদ কর :

আমি একজন ছাত্র	أَنَا تِلْمِيْذٌ
আমার নাম শাহেদ	اِسْمِيْ شَاهِدٌ
ইহা আমার বই	هٰذَا كِتَأَبِيْ
এবং উহা আমার কলম	وَ ذٰلِكَ قَلَمِيْ
ইহা আমার ব্যাগ	هٰذِه حَقِيْبَتِيْ
এবং উহা আমার খাতা	وَ تِلْكَ كُرَّاسَتِيْ
আমার বই নতুন	كِتَأَبِيْ جَدِيْد
এবং আমার কলম ভালো	وَ قَلَمِيْ جَيِّدٌ
আমার ব্যাগ নতুন	حَقِيْبَتِي جَدِيْدة
এবং আমার খাতা ভালো	وَ كُرَّاسَتِي جَيِّدَةٌ
ফাতিমা আমার বোন	فَاطِمَةُ أُخْتِيْ
এবং আমি তার ভাই	وَ أَنَا أَخُوهَا
ইহা আমার কামরা	هٰذِه غُرْفَتِي
তার দরজা খোলা	بَابها مَفْتُوْحٌ
এবং তার জানালা খোলা	وَ نَافِذَتها مَفْتُوْحَةٌ
আমার কামরা পরিচ্ছন্ন	غُرْفَتِي نَظِيْفَةٌ

IQRA
ONLINE MADRASA

এবং আমার বিছানা পরিচ্ছন্ন	وفراشي نَظِيْف
বাশির আমার শিক্ষক	بَشِيْر مُعَلِّمِيْ
এবং আমি তার ছাত্র	وَ أَنَا تِلْمِيْذه
ইহা তার কলম	هٰذَا قلَمه
এবং উহা তার ঘরি	وَ تِلْكَ سَاعَته
তার কলম নতুন	قلَمه جَدِيْد
এবং তার ঘরি নতুন	وَ سَاعَته جَدِيْدة
হে ফাতিমা! এই লোকটি আমার পিতা এবং তোমার পিতা	يَا فَاطِمَةُ ! هٰذَا الرَجُل أَبِيْ وَ أَبُوْك
ঐ মহিলা আমার এবং তোমার আম্মা	تِلْكَ الْمَرْأَةُ أُمِّي وَ أُمُّك
আমাদের বাবা একজন ভালো লোক	أَبُوْنَا رَجُل طَيِّب
এবং আমাদের আম্মা একজন ভালো মহিলা	وأُمُّنَا امْرَأَةٌ طَيِّبَةٌ
হে ফাতিমা! আমি তোমার ভাই এবং তুমি আমার বোন	يَا فَاطِمَةُ! أَنَا أَخُوْك وَ أَنْت أُخْتِيْ
ঐ ছেলেটি আমার বন্ধু	ذٰلِكَ الْوَلَدُ صَدِيْقِيْ
এবং ঐ মেয়েটি তোমার বান্ধবী	وتِلْكَ الْبِنْتُ صَدِيْقَتُك
আমার বন্ধু একজন মেধাবী ছাত্র	صَدِيْقِيْ تِلْمِيْذٌ ذَكِيٌّ

এবং তোমার বান্ধবী একজন মেধাবী ছাত্রী	وصَدِيْقَتُك تِلْمِيْذَةٌ ذَكِيَّ ة
হে মাহমুদ! তোমার পোষাক নতুন	يَا مَحْمُوْدُ لِبَاسُك جَدِيْد
এবং আমার পোষাক পরিচ্ছন্ন	وَ لِبَاسِيْ نَظِيْف
ইহা তোমার কামরা	هٰذِه غُرْفَتك
তোমার কামরা বড় এবং সুন্দর	غُرْفَتك كَبِيْرة وجَمِيْلة
তার দরজা প্রশস্ত	بَابها وَاسِع
এবং তার জানালা প্রশস্ত	وَ نَافِذَتها وَاسِعةٌ
ইহা একটি মসজিদ	هٰذَا مَسْجِد
ইহা একটি সুন্দর মসজিদ	هٰذَا مَسْجِد جَمِيْل
মসজিদটি সুন্দর	المَسْجِدُ جَمِيْل
এই মসজিদটি সুন্দর	هٰذَا المَسْجِدُ جَمِيْل
উহা একটি বাগান	تِلْكَ حَدِيْقَة
উহা একটি সুন্দর বাগান	تِلْكَ حَدِيْقَة جَمِيْلَةٌ
বাগানটি সুন্দর	الْحَدِيْقَةُ جَمِيْلَةٌ
ঐ বাগানটি সুন্দর	تِلْكَ الْحَدِيْقَةُ جَمِيْلَةٌ
মাহমুদ একজন মেধাবী ছাত্র	مَحْمُوْدٌ تِلْمِيْذٌ ذَكِيٌّ

এবং যাইনাব একজন মেধাবী ছাত্রী	وَ زَيْنَبُ تِلْمِيْذَةٌ ذَكِيَّ ة

প্রশ্নোত্তরগুলো পড়ো ও অর্থ বলো।

হে ছেলে! তোমার নাম কি? (হে ছেলে)	مَا اسْمُك يَا وَلَدُ ! (أَيُّهَا الْوَلَدُ)
আমার নাম শাহেদ (আমি শাহেদ)	اِسْمِيْ شَاهِدٌ (أَنَا شَاهِدٌ)
ইহা কি তোমার কলম?	هَلْ هٰذَا قَلَمك ؟ (أَ هٰذَا قَلَمك)
হ্যাঁ, ইহা আমার কলম	نَعَمْ .. هٰذَا قَلَمِيْ
তোমার কলম কেমন?	كَيْفَ قَلَمك ؟
আমার কলম ভালো	قَلَمِيْ جَيِّدٌ
ফাতিমা কি তোমার বোন?	هَلْ فَاطِمَةُ أُخْتك ؟ (أ فَاطِمَةُ أُخْتك)
হ্যাঁ, ফাতিমা আমার বোন	نَعَمْ .. فَاطِمَةُ أُخْتِيْ
হ্যাঁ, সে আমার বোন	(نَعَمْ .. هِيَ أُخْتِيْ)
তোমার বোন কি একজন মেধাবী ছাত্রী?	هَلْ أُخْتك تِلْمِيْذَةٌ ذَكِيَّ ة ؟
হ্যাঁ, সে একজন মেধাবী ছাত্রী	نَعَمْ .. هِيَ تِلْمِيْذَةٌ ذَكِيَّ ة
তোমার বোন কেমন?	كَيْفَ أُخْتك ؟

IQRA ONLINE MADRASA

সে একজন ভালো মেয়ে	هِيَ بِنْت طَيِّبَةٌ
হে যাইনাব! এটি কি তোমার হার?	يَا زَيْنَبُ ! هَلْ هٰذَا عِقْدك ؟
হ্যাঁ, এটি আমার হার	نَعَمّ .. هٰذَا عِقْدِيْ
তোমার হারটি কেমন?	كَيْفَ عِقْدك ؟
আমার হার সুন্দর (তা সুন্দর)	عِقْدِيْ جَمِيْل (هوَ جَمِيْل)
তোমার ভাই কি ব্যবসায়ী?	هَلْ أَخُوْك تَاجِر ؟
না, আমার ভাই কৃষক (না, সে কৃষক)	لَا .. أَخِيْ فَلَّاحُ (لَا .. هُوَ فَلَّاحُ)
তার নাম কি?	مَا اسْمُه ؟
তার নাম রাশেদ	اسْمُه رَاشِدٌ
এই মসজিদটি কি সুন্দর?	هَلْ هٰذَا المَسْجِدُ جَمِيْل ؟
হ্যাঁ, তা সুন্দর	نَعَمّ .. هُوَ جَمِيْل
ঐ বাগানটি কি সুন্দর?	هَلْ تِلْكَ الْحَدِيْقَةُ جَمِيْلَةٌ ؟
হ্যাঁ, তা সুন্দর	نَعَمّ .. هِيَ جَمِيْلَةٌ
মাহমুদ কে?	مَنْ مَحْمُوْدٌ ؟
সে আমার ভাই, সে ভদ্র ছেলে	هوَ أَخِيْ، هُوَ وَلَد مُؤَدَّبٌ
তোমার ভাই কি একজন মেধাবী	هَلْ أَخُوْك تِلْمِيْذٌ ذَكِيٌّ ؟

ছাত্র?	
হ্যাঁ, সে একজন মেধাবী ছাত্র	نَعَمّ .. هُوَ تِلْمِيْذٌ ذَكِيٌّ
খাদিজা কে?	مَنْ خَدِيْجَةُ ؟
সে আমার বোন, সে ভদ্র মেয়ে	هِيَ أُخْتِيْ هِيَ بِنْت مُؤَدَّبَةٌ
তোমার বোন কি মেধাবী ছাত্রী?	هَلْ أُخْتك تِلْمِيْذَةٌ ذَكِيٌّ ة ؟
হ্যাঁ, সে একজন মেধাবী ছাত্রী	نَعَمّ .. هِيَ تِلْمِيْذَةٌ ذَكِيٌّ ة
হে মুসলিম! তোমার প্রতিপালক কে?	مَنْ رَبُّكَ يَا مُسْلِمُ ! (أَيُّهَا المسلم)
আমার প্রতিপালক আল্লাহ। আল্লাহ আমার এবং তোমার প্রতিপালক	رَبِّيَ اللهُ ، اللهُ رَبِّي وَ رَبُّكَ
হে ছেলে! তোমার ধর্ম কী?	مَا دينك يَا ولد! (أَيُّهَا الْوَلَدُ)
আমার ধর্ম ইসলাম। ইসলাম আমার এবং তোমার দীন/ধর্ম	ديني اَلْإِسْلَامُ ، اَلْإِسْلَامُ ديني وَ دينك
হে মেয়ে! তোমার নবী কে?	مَنْ نبيك يَا بِنْت ! (أيتها الْبِنْتُ)
মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নবী	مُحَمَّدٌ (صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ) نَبِيُّنَا

আমাদের বই	كِتَابُنَا
তোমাদের বই	كِتَابُكُمْ – كِتَابكُنَّ
তাদের বই	كِتَابهُمْ – كِتَابهُنَّ
আমাদের বাড়ী	دَارُنَا

বাংলায় অনুবাদ কর :

আল্লাহ আমাদের ও তোমাদের প্রতিপালক	اللهُ رَبُّنا ورَبُّكُمْ
মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের ও তোমাদের নবী	مُحَمَّدٌ (صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ) نَبِيُّنَا ونَبِيُّكُمْ
ইসলাম আমাদের ও তোমাদের ধর্ম	اَلْإِسْلَامُ دِيْنُنَا وَ دِيْنُكُمْ
কুরআন আমাদের ও তোমাদের কিতাব	اَلْقُرْآن كِتَابُنَا وَ كِتَابُكُمْ
লা ইলাহা ইল্লাল্লাহ আমাদের ও তোমাদের কালিমা	لَا إِلَهَ إِلَّا اللهُ كَلِمَتُنَا وَ كَلِمَتُكُمْ
জান্নাত আমাদের ও তোমাদের বাড়ী	الجَنَّةُ دَارُنَا وَ دَارُكُمْ
কাবা আমাদের ও তোমাদের কিবলা	الْكَعْبَة قِبلَتُنَا وَ قِبْلَتُكُمْ
কবর আমাদের ও তোমাদের ঘর	القَبْرُ بَيْتُنَا وَ بَيْتُكُمْ

আরবীতে উত্তর দাও :

مَنْ رَبُّنا ورَبُّكُمْ ؟	اَللّٰهُ رَبُّنا ورَبُّكُمْ
مَنْ نَبِيُّنَا وَ نَبِيُّكُمْ ؟	مُحَمَّدٌ ﷺ نَبِيُّنَا وَ نَبِيُّكُمْ
مَا دِيْنُنَا وَ دِيْنُكُمْ؟	اَلْإِسْلَامُ دِيْنُنَا وَ دِيْنُكُمْ؟
مَا كِتَابُنَا وكِتَابُكُمْ ؟	اَلْقُرْآن كِتَابُنَا وكِتَابُكُمْ
مَا كَلِمَتُنَا وَ كلمتكم ؟	لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ كَلِمَتُنَا وَ كلمتكم
مَا قبلتنا وَ قِبْلَتُكُمْ	اَلْكَعْبَة قبلتنا وَ قِبْلَتُكُمْ

❖ **হরফুল আতফ (حَرْفُ الْعَطْفِ) :-** দুটি শব্দ বা বাক্যের মধ্যে সম্পর্ক স্থাপনকারী হরফকে হরফুল আতফ বলে।

যেমন : هٰذَا كِتَأَبِيْ وَ ذٰلِكَ قَلَمِيْ ইহা আমার বই এবং উহা আমার কলম।

এখানে , وَ হচ্ছে হরফুল আতফ।

❖ **মাতুফুন আলাইহ্‌ (مَعْطُوْفٌ عَلَيْهِ) :-** হরফুল আতফ এর পূর্বের অংশকে মাতুফুন আলাইহ বলে। যেমন : هٰذَا كِتَأَبِيْ وَ ذٰلِكَ قَلَمِيْ ইহা আমার বই এবং উহা আমার কলম।

এখানে, ওয়াও এর পূর্বের অংশ (هٰذَا كِتَأَبِيْ) এতটুকু হলো মাতুফুন আলাইহ।

❖ **মাতুফ (معطوف) :-** হরফুল আতফ এর পরের অংশ কে মাতুফ বলে। যেমন: هٰذَا كِتَأَبِيْ وَ ذٰلِكَ قَلَمِيْ ইহা আমার বই এবং উহা আমার কলম।

এখানে, ওয়াও এর পরের অংশ (ذٰلِكَ قَلَمِيْ) এতটুকু হলো মাতুফ।

ইয়া (ي) কে ইয়া এ মুতাকাল্লিম বলা হয়।

- এটা সবসময় তারপূর্বে যের কে দাবি করে। যেমন: كِتَابِيْ আমার বই।
- একটি সাকিনকে যখন আরেকটি সাকিনের সাথে মিলিয়ে পড়া হয় তখন যের দিয়ে পড়তে হয়।

  যেমন: هَلْ الْبَيْتِ طَيِّبٌ ؟
- এখানে হাল আল বায়তু না হয়ে যের দিয়ে পড়ার কারনে হালিল বায়তু হয়ে গেছে।

❖ **ইদাফত (إِضَافَةٌ) :** বাংলা জোর শব্দের মাঝখানে 'র' আসলে তাকে ইদাফত বলে। যেমন : আমার বই كِتَابِيْ

- ইদাফতের অংশ দুইটি। যথা :

  ১. মুদফ (مُضَافٌ)

  ২. মুদফুন ইলাইহি (مُضَافٌ إِلَيْهِ)

প্রথম অংশ কে মুদফ এবং দ্বিতীয় অংশকে মুদফুন ইলাইহি বলে।

كِتَابُكَ তোমার বই

كِتَاب মুদফ

ك মুদফুন ইলাইহি।

- আরবীতে মুদফ আগে আসে এবং মুদফুন ইলাইহি পরে আসে।
- মুদফে কখনো তানভিন হবে না।
- মুদফের শুরুতে কখনো ال আসবে না।

কেননা মুদফুন ইলাইহি এর কারনে মুদফ নির্দিষ্ট হয়ে যায়।

IQRA ONLINE MADRASA

❖ اِسْمٌ ، اِمْرَأَة শব্দের আগে অন্য শব্দ আসলে আলিফ লেখায় আসে কিন্তু উচ্চারনে আসে না।

যেমন : মাসমুকা ؟ مَا اسْمُكَ

❖ **আলজুমলাতুল মু'য়তারিদ্বতু (اَلْجُمْلَةُ الْمُعْتَرِضَةُ) :-** মূল বাক্যের অন্তর্ভুক্ত নয় এমন সব বাক্যকে আল জুমলাতুল মু'য়তারিদতু বলে।

যেমন : نَبِيُّنَا مُحَمَّدٌ (صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَ سلم)

এখানে (صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَ سلم) হলো অপ্রাশংগিক কথা বা দুয়া। এটাকেই আলজুমলাতুল মু'য়তারিদ্বতু বলে।

❖ **তারকীব- ৮ :** كِتَأَبِيْ جَدِيْد



❖ **তারকীব - ৯ :** هٰذَا كِتَأَبِيْ وَ ذٰلِكَ قَلَمِيْ



IQRA ONLINE MADRASA



هٰذَا كِتَابِيْ وَ ذٰلِكَ قَلَمِيْ

এখানে,

هٰذَا - মুবতাদা

كِتَاب - মুদফ

ي - মুদফুন ইলাইহি

মুদফ ও মুদফুন ইলাইহি মিলে খবর। মুবতাদা ও খবর মিলে আল জুমলাতুল ইসমিয়্যাহ হয়ে মাতুফুন আলাইহ।

وَ - হরফুল আতফ

ذٰلِكَ - মুবতাদা

قَلَم - মুদফ

ي - মুদফুন ইলাইহি

মুদফ ও মুদফুন ইলাইহি মিলে খবর।
মুবতাদা ও খবর মিলে আল জুমলাতুল ইসমিয়্যাহ হয়ে মাতুফ।

❖ **তারকীব-১০ :** هٰذَا الرَّجُل أَبِيْ وَ أَبُوْك



IQRA ONLINE MADRASA



এই লোকটি আমার আব্বা এবং তোমার আব্বা।

هٰذَا الرَجُل أَبِيْ وَ أَبُوْك

এখানে,

هٰذَا - ইসমুল ইশারা

الرَجُل- মুশারুন ইলইহ

ইসমুল ইশারা ও মুশারুন ইলাইহি মিলে মুবতাদা।

أب - মুদফ

ي - মুদফুন ইলাইহি

মুদফ ও মুদফুন ইলাইহি মিলে মাতুফুন আলাইহ।

وَ -হরফুল আতফ

أب - মুদফ

ك- মুদফুন ইলাইহি

মুদফ ও মুদফুন ইলাইহি মিলে মাতুফ।

মাতুফ ও মাতুফুন আলাইহ মিলে খবর।

মুবতাদা ও খবর মিলে আল জুমলাতুল ইসমিয়্যাহ।

IQRA ONLINE MADRASA

الْبَاب الأول : الدرس السادس

১ম অধ্যায় : ৬ষ্ঠ পাঠ

كِتَاب + رَاشِدٌ = كِتَاب رَاشِدٌ	রাশেদের বই
كِتَاب + عَائِشَةَ = كِتَاب عائِشَةَ	আয়েশার বই
كِتَاب + الْمُعَلِّم = كِتَاب المعلمِ	শিক্ষকের বই

هٰذَا كِتَابُ رَاشِدٍ	ইহা রাশেদের কিতাব
وذٰلِكَ كِتَابُ عائِشَةَ	এবং উহা আয়েশার কিতাব
وذٰلِكَ كِتَابُ الْمُعَلِّمِ	এবং উহা শিক্ষকের কিতাব
كِتَاب رَاشِدٍ جَدِيْدٌ	রাশেদের কিতাব নতুন
وَكِتَاب عَائِشَةَ جَمِيْل	এবং আয়েশার কিতাব সুন্দর
وَ كِتَابُ الْمُعَلِّمِ مُفِيدٌ	এবং শিক্ষকের কিতাব উপকারী

***

قَلَم خَالِدٍ	খালেদের কলম	أَخُوْ سَعِيْدٍ	সাঈদের ভাই
سَاعَة بَشِيْرٍ	বাশিরের ঘরি	أُخْت بِلَالٍ	বেলালের বোন
بَيْتُ مَحْمُوْدٍ	মাহমুদের ঘর	صَدِيْقُ مَاجِدٍ	মাজেদের বন্ধু
عِقْد آمِنَة	আমেনার হার	أَخُوْ فَرْحَانَة	ফারহানার ভাই

IQRA ONLINE MADRASA

খাদিজার বোন	أُخْت خَدِيْجَةَ	ফাতিমার ব্যাগ	حَقِيْبَةُ فَاطِمَةَ
		যাইনাবের বান্ধবী	صَدِيْقَةُ زَيْنَبَ
কামরার বাতি	مِصْبَاحُ الغُرْفَةِ	মসজিদের দরজা	بَابُ المَسْجِدِ
মাদরাসার শিক্ষক	مُعَلِّمُ الْمَدْرَسَةِ	ছেলের নাম	اسْمُ الْوَلَدِ
		তালার চাবী	مِفْتَاحُ الْقُفْلِ

***

ইহা মাহমুদের কলম	هٰذَا قَلَم مَحْمُوْدٍ
মাহমুদের কলম নতুন	قَلَم مَحْمُوْدٍ جَدِيْدٌ
তার কলম নতুন	(قَلَمه جَدِيْد)
উহা বাশিরের ঘড়ি	تِلْكَ سَاعَة بَشِيْرٍ
বাশিরের ঘড়ি সুন্দর	سَاعَةُ بَشِيْرٍ جَمِيْلَةٌ
তার ঘড়ি সুন্দর	(سَاعَتُه جَمِيْلَةٌ)
ইহা আমিনার হার	هٰذَا عِقْدُ آمِنَةَ
আমিনার হার সুন্দর	عِقْدُ آمِنَة جَمِيْلٌ
তার হারটি সুন্দর	(عِقْدُها جَمِيْلٌ)

ঐ লোকটি ফাতিমার বাবা	ذٰلِكَ الرَّجُلُ أَبُو فَاطِمَةَ
ফাতিমার বাবা একজন বড় আলেম	أَبُوْ فَاطِمَةَ عَالِمٌ كَبِيْرٌ
তার বাবা একজন বড় আলেম	(أَبُوْهَا عَالِمٌ كَبِيْرٌ)
মাজেদের বাবা মাদরাসার শিক্ষক	أَبُوْ مَاجِدٍ مُعَلِّمُ الْمَدْرَسَةِ
এবং ফাতিমার আম্মা মাদরাসার শিক্ষিকা	وَ أُمُّ فَاطِمَةَ مُعَلِّمَةُ الْمَدْرَسَةِ

প্রশ্নোত্তরগুলো পড়ো ও অর্থ বলো।

হে লোক! তুমি কে?	مَنْ أَنْتَ أَيُّهَا الرَّجُلُ؟
আমি ফাতিমার বাবা এবং খালিদের চাচা	أَنَا أَبُوْ فَاطِمَةَ وَ عَمّ خَالِدٍ
তুমি কি মসজিদের ইমাম?	هَلْ أَنْتَ إِمَامُ الْمَسْجِدِ ؟
হ্যাঁ, আমি মসজিদের ইমাম	نَعَمّ .. أَنَا إِمَامُ الْمَسْجِدِ
এটি কি খালিদের কলম?	هَلْ هٰذَا قَلَمُ خَالِدٍ ؟
হ্যাঁ, এটি খালিদের কলম (এটি তার কলম)	نَعَمّ .. هٰذَا قَلَمُ خَالِدٍ (هٰذَا قَلَمُه)
খালিদের কলম কেমন?	كَيْفَ قَلَمُ خَالِدٍ ؟
তার কলমটি কেমন?	(كَيْفَ قَلَمُه)
খালিদের কলম ভালো। তার কলম ভালো	قَلَمُ خَالِدٍ جَيِّدٌ (قَلَمُه جَيِّدٌ)

IQRA ONLINE MADRASA

মসজিদের ইমাম কি একজন ভালো লোক?	هَلْ إِمَامُ المَسْجِدِ رَجُلٌ طَيِّب؟
হ্যাঁ, মসজিদের ইমাম একজন ভালো লোক	نَعَمْ... إِمَامُ المَسْجِدِ رَجُلٌ طَيِّبٌ
হ্যাঁ, তিনি ভালো লোক	(نَعَمّ .. هُوَ رَجُلٌ طَيِّبٌ)
ঘরের দরজা কি খোলা?	هَلْ بَابُ الْبَيْتِ مَفْتُوْحٌ ؟
না, ঘরের দরজা বন্ধ	لَا .. بَابُ البَيْتِ مُغْلَقٌ
না, উহা বন্ধ	(لَا .. هُوَ مُغْلَقٌ)

শব্দার্থ

طَرِيقٌ	একটি পথ	سُوْق	একটি বাজার
قَرْيَة	একটি গ্রাম	مَدِيْنَة	একটি শহর
مَنْظَر	একটি দৃশ্য	جِدًّا	খুব
وَالِد	আব্বা	وَالِدَةٌ	আম্মা
زَوْجٌ	স্বামী	زَوْجَة	স্ত্রী

বাংলায় অনুবাদ কর :

ইহা গ্রামের দৃশ্য	هٰذَا مَنْظَرُ الْقَرْيَة

গ্রামের দৃশ্য খুব সুন্দর	مَنْظَرُ الْقَرْيَة جَمِيْلٌ جِدًّا
গ্রামের বাজার ছোট	سُوْق الْقَرْيَة صَغِيْرٌ
এবং শহরের বাজার বড়	وَ سُوْقُ الْمَدِيْنَة كَبِيْرٌ
খালিদের চাচা কৃষক, তার নাম বাশির	عَمّ خَالِدٍ فَلَّاحٌ اسْمُه بَشِيْرٌ
এবং খালিদের ফুফু কৃষাণী, তার নাম যাইনাব	وَ عَمَّةُ خَالِدٍ فَلَّاحَة اسْمُها زَيْنَبُ
খালিদের চাচা একজন ভালো লোক	عَمّ خَالِدٍ رَجُلٌ طَيِّبٌ
এবং তার ফুফু ভালো মহিলা	وَعَمَّته امْرَأَةٌ طَيِّبَةٌ
শহরের ব্যবসায়ী খুব ধনী	تَاجِرُ الْمَدِيْنَة غَنِيٌّ جِدًّا
এবং গ্রামের ব্যবসায়ী খুব দরিদ্র	وَ فَلَّاحُ الْقَرْيَة فَقِيْر جِدًّا

***

উহা একটি শহর	تِلْكَ مَدِيْنَةٌ
ঐ শহরটি পুরোনো	تِلْكَ الْمَدِيْنَةُ قَدِيْمَة
এই রাস্তাটি প্রশস্ত	هٰذَا الطَّرِيْقُ وَاسِعٌ
এবং ঐ রাস্তাটি সংকীর্ণ	وَ ذٰلِكَ الطَّرِيْقُ ضَيِّق
ইহা একটি গ্রাম	هٰذِه قَرْيَةٌ
গ্রামটি সুন্দর ও পরিচ্ছন্ন	الْقَرْيَةُ جَمِيْلَةٌ وَ نَظِيْفَةٌ

IQRA ONLINE MADRASA

বিলাল একজন পরিশ্রমী ছাত্র	بِلَالٌ تِلْمِيْذٌ مُجْتَهِد
এবং ফাতিমা একজন পরিশ্রমী ছাত্রী	وَ فَاطِمَةُ تِلْمِيْذَةٌ مُجْتَهِدة
বিলাল ফাতিমার ভাই এবং সে তার বোন	بِلَالٌ أَخُو فَاطِمَةَ وَ هِيَ أُخْته
ফাতিমা বিলালের বোন এবং সে তার ভাই	فَاطِمَةُ أُخْتُ بِلَالٍ وهوَ أَخُوهَا
হে ফারহানা! তুমি একজন ভদ্র মহিলা	يَا فَرْحَانَةُ ! أَنْتِ بِنْتٌ مُؤَدَّبَةٌ
এবং তোমার ভাই একজন ভদ্র ছেলে	وَ أَخُوك وَلَدٌ مُؤَدَّبٌ
হে খালিদ! তুমি একজন ভালো লোক	يَا خَالِدُ ! أَنْتَ رَجُلٌ طَيِّبٌ
এবং তোমার স্ত্রী একজন ভালো মহিলা	وَ زَوْجُكَ امْرَأَةٌ طَيِّبَةٌ

প্রশ্নোত্তরগুলো পড় ও অর্থ বল :

গ্রামের দৃশ্য কেমন?	كَيْفَ مَنْظَرُ الْقَرْيَةِ ؟
গ্রামের দৃশ্য খুব সুন্দর	مَنْظَرُ الْقَرْيَةِ جَمِيْلٌ جِدًّا
গ্রামের বাজার কেমন?	كَيْفَ سُوْقُ الْقَرْيَةِ ؟
গ্রামের বাজার ছোট	سُوْقُ الْقَرْيَةِ صَغِيْرٌ
এবং শহরের বাজার কেমন?	وَ كَيْفَ سُوْقُ الْمَدِيْنَةِ ؟

IQRA ONLINE MADRASA

এবং শহরের বাজার বড়	وَ سُوْقُ الْمَدِيْنَةِ كَبِيْرٌ
বাশির কে এবং যাইনাব কে?	مَنْ بَشِيْرٌ وَ مَنْ زَيْنَبُ ؟
বাশির খালিদের চাচা এবং যাইনাব খালিদের ফুফু	بَشِيْرٌ عَمُّ خَالِدٍ وَ زَيْنَبُ عَمَّةُ خَالِدٍ
খালিদের চাচা কেমন?	كَيْفَ عَمُّ خَالِدٍ ؟
খালিদের চাচা একজন ভালো লোক	عَمُّ خَالِدٍ رَجُلٌ طَيِّبٌ
এবং তার ফুফু কেমন?	وَ كَيْفَ عَمَّتُه ؟
এবং তার ফুফু একজন ভালো মহিলা	وَ عَمَّتُه امْرَأَةٌ طَيِّبَةٌ
বিলাল কে এবং সে কেমন?	مَنْ بِلَالٌ وَ كَيْفَ هُوَ ؟
বিলাল ফাতিমার ভাই এবং সে একজন পরিশ্রমী ছাত্র	بِلَالٌ أَخُوْ فَاطِمَةَ وَ هُوَ تِلْمِيْذٌ مُجْتَهِدٌ
ফাতিমা কে এবং সে কেমন?	مَنْ فَاطِمَةُ وَ كَيْفَ هِيَ ؟
ফাতিমা বিলালে বোন এবং সে একজন পরিশ্রমী ছাত্রী	فَاطِمَةُ أُخْتُ بِلَالٍ وَ هِيَ تِلْمِيْذَةٌ مُجْتَهِدَةٌ
ফারহানা কি একজন ভদ্র মেয়ে?	هَلْ فَرْحَانَةُ بِنْتٌ مُؤَدَّبَةٌ ؟
হ্যাঁ, ফারহানা একজন ভদ্র মেয়ে	نَعَمْ ... فَرْحَانَةُ بِنْتٌ مُؤَدَّبَةٌ
তার ভাই কি একজন ভদ্র ছেলে?	هَلْ أَخُوهَا وَلَدٌ مُؤَدَّبٌ ؟

IQRA ONLINE MADRASA

হ্যাঁ, তার ভাই একজন ভদ্র ছেলে	نَعَمّ ... أَخُوهَا وَلَدٌ مُؤَدَّبٌ
খালিদ কেমন এবং তার স্ত্রী কেমন?	كَيْفَ خَالِدٌ وَ كَيْفَ زَوْجَتُه ؟
খালিদ এবং ভালো লোক এবং তার স্ত্রী একজন ভালো মহিলা	خَالِدٌ رَجُلٌ طَيِّبٌ وَ زَوْجَتُه امْرَأَةٌ طَيِّبَةٌ

বাংলায় অনুবাদ কর :

কুরআন আল্লাহ কিতাব	اَلْقُرْآنُ كِتَابُ اللهِ
কাবা আল্লাহর ঘর	اَلْكَعْبَةُ بَيْتُ اللهِ
মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রাসূল	مُحَمَّدٌ رَسُوْلُ اللهِ (صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ)
আব্দুল্লাহ রাসূলের পিতা এবং আমিনা তাঁর আম্মা	عَبْدُ اللهِ وَالِدُ الرَّسُوْلِ وآمِنَةُ وَالِدَتُه
খাদিজা রাসূলের স্ত্রী এবং ফাতিমার আম্মা	خَدِيْجَةُ زَوْجَةُ الرَّسُوْلِ وَأُمُّ فَاطِمَةَ
ফাতিমা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মেয়ে	فَاطِمَةُ بِنْتُ مُحَمَّدٍ (صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ)
আলী রা. ফাতিমার স্বামী	عَلِيٌّ زَوْجُ فَاطِمَةَ
আব্দুল মাত্তালিব রাসূলের দাদা	عَبْدُ الْمُطَّلِبِ جَدُّ الرَّسُوْلِ

আবু তালিব তাঁর চাচা	أَبُوْ طَالِبٍ عَمُّه

❖ মুদ্বফ ও মুদ্বফুন ইলাইহি মিলে একটি পরিপূর্ন বাক্য/জুমলা হয় না। এগুলো মিলে বাক্যের একটা অংশ হয়।

➢ মুদ্বফ ও মুদ্বফুন ইলাইহি মিলে হয়তো মুবতাদা হবে নয়তো খবর হবে। যেমন :

كِتَابُكَ جَدِيْد - তোমার বই নতুন।

এখানে, كِتَاب - মুদ্বফ।

كَ - মুদ্বফুন ইলাইহি।

মুদ্বফ ও মুদ্বফুন ইলাইহি মিলে মুবতাদা।

جَدِيْد - খবর

মুবতাদা আর খবর মিলে একটি জুমলা।
আবার,

هٰذَا كِتَابُكَ - ইহা তোমার বই।

এখানে, هٰذَا - মুবতাদা।

كِتَاب - মুদ্বফ।

كَ - মুদ্বফুন ইলাইহি।

মুদ্বফ ও মুদ্বফুন ইলাইহি মিলে খবর।
মুবতাদা ও খবর মিলে একটি জুমলা।

➢ মুদ্বফুন ইলাইহি এর ৩ টা অবস্থা -

১. মুদ্বফুন ইলাইহি যদি ছেলের নাম হয় তাহলে নামের শেষে দুই যের হবে। যেমন : كِتَاب رَاشِدٌ - রাশেদের বই

২. মুদ্বফুন ইলাইহি যদি মেয়ের নাম হয় তাহলে নামের শেষে এক যবর হবে। যেমন : كِتَاب فَاطِمَةَ - ফাতেমার বই

৩. মুদ্বফুন ইলাইহি যদি ال যুক্ত শব্দ হয় তাহলে শব্দের শেষে এক যের হবে। যেমন : كِتَابُ الْمُعَلِّمِ - শিক্ষকের বই

➢ মুদ্বফুন ইলাইহি মুদ্বফের পরিচয় বহন করে, তাই মূল ধর্তব্য বিষয় হলো মুদ্বফ। যেমন :

عِقْدُ فَاطِمَةُ جَمِيْلٌ - ফাতেমার হার সুন্দর।

এখানে ইক্বদু শব্দটা মুযাক্কার তাই তার খবর (جَمِيْلٌ) মুযাক্কার হয়েছে। কারন মুদ্বফ ধর্তব্য।

➢ শুধুমাত্র মাওছুফ ছিফাত মিলেও একটি পরিপূর্ন বাক্য বা জুমলা হয় না।

➢ মাওছুফ ছিফাত মিলেও হয়তো মুবতাদা হয় ,নয়তো খবর হয়। যেমন :

هٰذَا كِتَابٌ جَمِيْلٌ - ইহা একটি সুন্দর বই।

এখানে, هٰذَا মুবতাদা

كِتَابٌ মাওছুফ

جَمِيْلٌ ছিফাত

মাওছুফ ছিফাত মিলে খবর।

মুবতাদা ও খবর মিলে একটি পরিপূর্ন জুমলা।

<u>বি. দ্র. :</u> (মাওছুফ ছিফাত মিলে যে মুবতাদা হয় সেই নিয়ম সামনে আসবে ইন শা আল্লাহ।)

➢ বাক্যের শুরুতে ال যুক্ত শব্দ /নাম / দ্বমির আসলে সেটাই মুবতাদা হয় এবং বাকি অংশ খবর হয়।

➢ আরবীতে -

যবরকে ফাতহা (فَتْحَةٌ)

যেরকে কাসরাহ (كَسْرَةٌ)

এবং পেশকে দ্বম্মাহ (ضَمَّةٌ) বলে।

- মুবতাদা ও খবর এর উভয়ের হরকত (ইরাব) হলো দম্মাহ (পেশযুক্ত) হওয়া। যেমন: اَلْكِتَاب جَدِيْد - বইটি নতুন।

এখানে আল কিতাবু এর শেষেও দম্মাহ (পেশ) হয়েছে, এবং জাদিদুন এর শেষেও দম্মাহ (পেশ হয়েছে)।

- ওয়াও এর পূর্বের অংশ পরে আনলে এবং পরের অংশ পূর্বে নিলে যতটুকুতে অর্থের উদ্দেশ্যর সমস্যা না হয় ততটুকুতে আতফ ঘটে। যেমন : اَلْكِتَاب جَمِيْل وَ جَدِيْد - বইটি সুন্দর এবং নতুন।

এখানে جَمِيْل وَ جَدِيْد এতটুকুতেই আতফ ঘটেছে তাই এভাবেও লেখা যাবে যে , الكِتَاب جَدِيْد وَ جَمِيْل - বইটি নতুন এবং সুন্দর।

❖ **তারকীব -১১ :**

রাশেদের বই নতুন

كِتَاب رَاشِدٌ جَدِيْد

এখানে, كِتَاب - মুদফ

رَاشِدٌ - মুদফুন ইলাইহি

মুদফ ও মুদফুন ইলাইহি মিলে মুবতাদা

جَدِيْد - খবর।

মুবতাদা ও খবর মিলে আল জুমলাতুল ইসমিয়্যাহ।

❖ **তারকীব-১২ :**

ঐ লোকটি ফাতেমার আব্বা

ذٰلِكَ الرَّجُل أَبُوْ فَاطِمَةَ

এখানে, ذٰلِكَ - ইসমুল ইশারা

IQRA ONLINE MADRASA

الرَّجُل- মুশারুন ইলাইহি

ইসমুল ইশারা + মুশারুন ইলাইহি = মুবতাদা ।

أَبُوْ - মুদফ

فَاطِمَةُ- মুদফুন ইলাইহি

মুদফ + মুদফুন ইলাইহি = খবর ।

মুবতাদা + খবর = আল জুমলাতুল ইসমিয়্যাহ

❖ **তারকীব- ১৩ :**

খাদিজা রা. রাসুল সা. এর স্ত্রী এবং ফাতেমার রা. আম্মা ।

خَدِيْجَةُ زَوْجَة الرَّسُوْل وَ أُمُّ فَاطِمَةُ

এখানে, خَدِيْجَةُ - মুবতাদা

زَوْجَة - মুদফ এবং رسول মুদফুন ইলাইহি

মুদফ + মুদফুন ইলাইহি = মাতুফুন আলাইহ

وَ - হরফুল আতফ

أم - মুদফ এবং فَاطِمَةُ - মুদফুন ইলাইহি

মুদফ + মুদফুন ইলাইহি = মাতুফ

মাতুফুন আলাইহ + মাতুফ = খবর ।

মুবতাদা + খবর = আল জুমলাতুল ইসমিয়্যাহ ।

IQRA ONLINE MADRASA

البَاب الأول : الدرس السابع

১ম অধ্যায় : ৭ম পাঠ

عِنْدَ	কাছে	أَمَامَ	সামনে
وَرَاءَ - خَلْفَ	পিছনে	تَحْتَ	নীচে
فَوْق	উপরে	بِجَانِبِ	পাশে

عِنْدِيْ كِتَاب — আমার কাছে একটি বই (আছে)।

الكِتَاب عِنْدي — বইটি আমার কাছে (আছে)।

বাংলায় অনুবাদ কর :

عِنْدِي كِتَابٌ	আমার কাছে একটি বই (আছে)
الْكِتَابُ عِنْدِي	বইটি আমার কাছে (আছে)
يَا مَاجِدُ عِنْدَكَ سَاعَةٌ	হে মাজেদ! তোমার কাছে একটি ঘড়ি আছে
السَّاعَةُ عِنْدَكَ	ঘড়িটি তোমার কাছে
أَمَامَكَ كِتَابٌ	তোমার সামনে একটি বই আছে
الْكِتَابُ أَمَامَكَ	বইটি তোমার সামনে
فَوْقَكَ مِرْوَحَةٌ	তোমার উপরে একটি পাখা আছে

IQRA ONLINE MADRASA

পাখাটি তোমার উপরে	الْمِرْوَحَةُ فَوْقَكَ
তোমার পিছনে একটি কার আছে	وَرَاءَكَ سَيَّارَةٌ
কারটি তোমার পিছনে আছে	السَّيَّارَةُ وَرَاءَكَ
তোমার পাশে একটি সাইকেল আছে	بِجَانِبِكَ دَرَّاجَةٌ
সাইকেলটি তোমার পাশে আছে	الدَّرَاجَةُ بِجَانِبِكَ
হে আয়েশা! তোমার কাছে একটি কলম আছে	يَا عَائِشَةُ عِنْدَكِ قَلَمٌ
কলমটি তোমার কাছে আছে	الْقَلَمُ عِنْدَكِ
তোমার সামনে একটি কার আছে	أَمَأُمُّك سَيَّارَةٌ
কারটি তোমার সামনে	السَّيَّارَةُ إِمَامك
তোমার উপরে একটি বাতি আছে	فَوْقَكِ مِصْبَاح
বাতিটি তোমার উপরে আছে	الْمِصبَاح فَوْقَكِ
তামার পিছনে একটি টেবিল আছে	خَلْفَكِ طَاوِلَةٌ
টবিলটি তোমার পিছনে আছে	الطَّاوِلَةُ خَلْفَكِ
তামার পাশে একটি চেয়ার আছে	بِجَانِبِكِ كُرْسِيٌّ
চয়ারটি তোমার পিছনে আছে	الْكُرْسِيُّ بِجَانِبِكِ

রাশেদ একজন শিক্ষক	رَاشِدٌ مُعَلِّمٌ
তার কাছে একটি বই ও একটি কলম আছে	عِنْدَهُ كِتَابٌ وَقَلَمٌ
বইটি ও কলমটি তার কাছে আছে	الْكِتَابُ وَالْقَلَمُ عِنْدَهُ
তার সামনে একটি ব্লাকবোর্ড ও ডাস্টার আছে	أَمَامَهُ سَبُّوْرَةٌ وَمَسَّاحَةٌ
ব্লাকবোর্ড ও ডাস্টারটি তার সামনে আছে	السَبُّوْرَةُ وَالْمَسَّاحَةُ إِمَامهُ
তার উপরে একটি বাতি ও পাখা আছে	فَوْقَهُ مِصْبَاحٌ وَمِرْوَحَةٌ
বাতিটি ও পাখাটি তার উপরে আছে	الْمِصْبَاحُ وَالْمِرْوَحَةُ فَوْقَهُ
যয়নব একজন শিক্ষিকা	زَيْنَبُ مُعَلِّمَةٌ
তার কাছে একটি ম্যাপ ও খাতা আছে	عِنْدَهَا خَارِطَةٌ وَكُرَّاسَةٌ
ম্যাপটি ও খাতাটি তার কাছে আছে	الْخَارِطَةُ وَالْكُرَاسَةُ عِنْدَهَا
তার সামনে একটি টেবিল ও ব্লাকবোর্ড আছে	أَمَامَهَا طَاوِلَةٌ وَسَبُّورَةٌ
ব্লাকবোর্ডটি ও টেবিলটি তার সামনে আছে	السَّبُّوْرَةُ وَالطَّاوِلَ أمامها
রাশেদের কাছে একটি বই ও কলম আছে	عِنْدَ رَاشِدٍ كِتَابٌ وَقَلَمٌ

বইটি ও কলমটি রাশেদের কাছে আছে	الْكِتَابُ وَالْقَلَمُ عِنْدَ راشد
কৃষকের সামনে একটি লাঙল আছে	أَمَامَ الْفَلَاحِ مِحْرَاثُ
লাঙলটি কৃষকের সামনে	الْمِحْرَاثُ أَمَامَ الفلاح
মসজিদের পাশে একটি হাউজ আছে	بِجَانِبِ الْمَسْجِدِ حَوْضُ
হাউজটি মসজিদের পাশে আছে	الْحَوْضُ بِجَانِبِ الْمَسْجِدِ
ফাতেমার পিছনে একটি কার আছে	وَرَاءَ فَاطِمَةَ سَيَّارَةٌ
কারটি ফাতেমার পিছনে আছে	السَّيَّارَةُ وَرَاءَ فَاطِمَةَ
বশিরের বন্ধু মসজিদের সামনে	صَدِيقُ بَشِيرٍ أَمَامَ الْمَسْجِدِ
আয়েশার হার ফাতেমার কাছে আছে	عِقْدُ عَائِشَةَ عِنْدَ فَاطِمَةَ
এবং তার ব্যাগ মাহমুদের কাছে আছে	وَحَقِيبَتُهَا عِنْدَ مَحْمُودٍ
ঐ রুমাটি যায়নাবের কাছে আছে	ذٰلِكَ الْمِنْدِيلُ عِنْدَ زَيْنَبَ
এই ঘড়িটি টেবিলের উপর আছে	هٰذِهِ السَّاعَةُ فَوْقَ الطَّاوِلَةِ
